স্থায়িভাব --রতি-হাস-শোক-ক্রোধ-উৎসাহ-ভয়-বিস্ময়, জুগুপ্সা-শম=৯,স্বভাবসহ উক্ত ভাবের যোগ

একীভাব —একত্র হওয়া, একত্র, অভেদ।

শীতীভাব —মুক্তি, মোক্ষ, শীতলতা।

দ্বৈধীভাব –পার্থক্য,মিত্ররাজাদিগেরমধ্যেকলহোৎপাদন

অনুভাব —প্রভাব,সামর্থ্য,তেজঃ,মহিমা,নিশ্চয়,ইশারা

অগ্ন্যভাব —অগ্নিমান্দ্য, মন্দাগ্নি।

দ্রবীভাব —দ্রব হওয়া, গলিয়া যাওয়া।

অভিভাব —পরাভব, গর্ব্বনাশ, নিন্দা,অবমান, অনাদর

সমভাব —সমতা, সাদৃশ্য, তুল্যতা।

পরিভাব —[পরীভাব, পরাভব] পরাজয়, অবজ্ঞা।

তিরোভাব--অন্তর্দ্ধান, অদর্শন,আচ্ছাদন।

অস্বভাব --মন্দ চরিত্র, বিরুদ্ধ স্বভাব।

নিঃস্বভাব--নির্ধনতা, দারিদ্র্য।

বণিগ্‌ভাব--বাণিজ্য, ব্যবসায়।

অসদ্ভাব —প্রণয় অভাব, দুষ্ট স্বভাব, অপ্রতুল।

তুষ্ণীভাব —চুপ করিয়া থাকা, মৌনী।

অন্তর্ভাব —মধ্যে পতন,অভ্যন্তরেস্থিতি,আন্তরিক ভা

প্রাদুর্ভাব --মহিমা প্রকাশ,আবির্ভাব, প্রভাব,জন্ম।

আবির্ভাব—প্রকাশ, দেবতা গণের অধিষ্ঠান, উদ্ভব।

পুষ্পলাব —মালাকার, মালী।

অভিলাব —ছেদন, বিনাশ, শস্যাদি খণ্ডন।

চিত্রকাব্য —পদ্মবন্ধ প্রভৃতি ঘটিত বাক্য।

শ্রব্যকাব্য—যে কাব্য শ্রবণ যোগ্য=নাটক ভিন্ন কাব্য

কোষকাব্য—পরস্পর নিরক্ষেপ শ্লোক সমূহ।

দৃশ্যকাব্য —নাটকাদি, যাহা অভিনীত হয়।

মহাকাব্য —দেবতা কি মহাত্মাগণের কাব্যময় ইতিবৃত্ত

দুর্ব্বিভাব্য—যে বিষয়ের ভাবনা করা যায়না=অবোধ্য

পারিভাব্য—প্রতিভূত্ব, জামিনী, ঔষধ, লগ্নকত্ব।

অসম্ভাব্য —যাহা সম্ভাবনা যোগ্য নহে=অলৌকিক।

আব—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

চন্দ্রিকাদ্রাব—চন্দ্রকান্ত মণি।

অস্থায়িভাব—ভাব সহিত নিজ ভাবের অসংযোগ।

অব্যয়ীভাব —মরণ ধর্ম্ম রাহিত্য, সমাস বিং।

অঙ্গাঙ্গীভাব—আত্মীয়তা,প্রধানাপ্রধানতা,গৌণমুখ্যভাব

সংসর্গাভাব—প্রাগ্‌ভাব-ধ্বংস-অত্যন্তাভাব এই ত্রিবিধ

বিরক্তভাব —বিরাগ,বৈরাগ্য,অনিচ্ছা,প্রতিকূলতা।

অত্যন্তাভাব-একবারে অভাব বা অস্থায়িত্ব।

অবধ্যভাব —মুক্তি, পরিত্রাণ, পবিত্র চরিত্র, যথা-দূতের

অবিনাভাব —না থাকিলে, না থাকা।

মহানুভাব —উদার স্বভাব, মহাত্মা, মহাপ্রকৃতি।

অন্যোন্যাভাব-পরস্পরের অভাব।

বিবর্ণভাব —মালিন্য,দীপ্তিহীনতা,নিষ্প্রভতা।

অগূঢ়ভাব —সরল, অকপট।

যোধসংরাব—যোদ্ধাদিগের পরস্পর যুদ্ধাহ্বান।

আব—অন্ত। (৭) সপ্তাক্ষর।

কার্য্যকারণভাব—সম্বন্ধ বিং।

উদ্দীপনবিভাব —রসের উদ্দীপক বিভাব, যথা-নায়কাদির চেষ্টা-চন্দ্র-চন্দন-ভ্রমর ঝঙ্কারাদি

অকুটিলস্বভাব —সরল স্বভাব, অবক্র স্বভাব।

ন্যূনপঞ্চাশদ্ভাব —ঊনপঞ্চাশদ্ভাব, পাগল।

ইব—অন্ত। (২) দ্ব্যক্ষর।

ক্ষীব্ —(ধা) মত্ত হওয়া, গর্ব্বিত হওয়া।

চীব্ —(ধা) গ্রহণ ক্র-চীবন, চিবুক,চীবিত,চীবয়িতা।

জীব্ —(ধা) প্রাণধারণ-জীবন, জীমূত, জীবী।

ষ্ঠীব্ —[ষ্টিব, ষ্ঠীব] (ধা) থুথু ফেলন, নিষ্ঠীবন।

দিব্ —নভঃ, অদিতি। (ধা) ক্রীড়া,দীপ্তি-দিব্য, দীর্ঘ।

রিব্ —(ইং) পাঁজর।

ক্লীব্ —(ধা) অপ্রগল্ভা, ভীত-ক্লীব,ক্লীবলিঙ্গ, ক্লৈব্য।

সিব্ —(ধা) সেলাই করা-সীবন, স্যূতি, স্যূত, সূত্র।

ইব —সাদৃশ্য, সাম্য,উৎপ্রেক্ষা, ঈষৎ, কাব্যালঙ্কার।

ক্ষীব —মাতোয়ালা, মত্ত, মাতাল।

জিব —(দেং) রসনা, জিহ্বা, জিভ্।

জীব —জীবাত্মা, প্রাণী, জন্তু, জীবনোপায়, জীবিকা, ক্ষেত্রজ্ঞ,বৃহস্পতি,বৃত্তি,বৃক্ষবিৎ,আয়ুঃ,জীবনকাল

দিব —দেবতারক্রীড়ার স্থান, দিবস, বন, আকাশ।

শিব —মহাদেব, ভব, হর, পারা, মঙ্গল, সৈন্ধব লবণ, মুক্তি, বেদ, যোগ-স্তম্ভ বিং, লিঙ্গ, দেব, বালুক, কীলক গ্রহ, মোক্ষ, ব্রহ্মের সংজ্ঞা বিং, রম্য, শুভদ, শ্বেতটঙ্কণ, জল, সুখ, মেঢ্র, পুণ্ডরীকদ্রুম

দিব্য —সুন্দর, মনোহর, শ্রেষ্ঠ, শপথ, হরিচন্দন, লবঙ্গ, যব, গুগ্‌গুল, নায়ক-ভাব বিং, কৃষ্ণ, স্বর্গীয়।

তীব্র —মহৎ, অসীম, দুঃসহ, উষ্ণ, তীক্ষ্ণ, কটু, কড়া, অধিক, তীক্ষ্ণতা, তীর, শিব, টিন, ঝাল, উগ্র, উচ্চৈঃস্বর, ব্যগ্র, উগ্র রস, আধিক্য।

নীব্র —চক্রধারা, নেমি, চন্দ্র, বন, রেবতীনক্ষত্র, ঘরেরছাঁইচ

ডিম্ব —অণ্ড, শিশু, ভয়ধ্বনি, ভয়জনিত চীৎকারাদি, কলহ, বিপ্লব, ফুস্‌ফুস্, প্লীহা, অল্পবয়স্কজন্তু, গুটী, মূত্রাধার, প্রজাপতি-কীটাদির শৈশবাবস্থা, ডম্বর, ভয়, ত্রাস

নিম্ব —নিমগাছ।

বিম্ব —সূর্য্য ও চন্দ্রের মণ্ডল, মূর্ত্তি, প্রতিকৃতি, ছায়া, কৃকলাস, তেলাকুচা ফল, জল বুদ্‌বুদ, কমণ্ডলু

শিম্ব —(শিম্বী শিম্বা, শিম্বি, শিম্বিকা)। শিম গাছ, শিম।

ইব—অন্ত। (৩) ত্র্যক্ষর।

ব্রাইব্ —(ইং) ঘুষ।

নকিব —(যাং) দূত বিং, প্রতিহারী, ঘোষণাকারক।

অক্ষিব —[অক্ষীব] সামুদ্র লবণ, শজিনা গাছ, অমত্ত।

প্রগ্রীব —যাহা গৃহের গ্রীবার স্বরূপ—গবাক্ষ, বারাণ্ডা,

বিশ্রামার্থ গৃহ, বৃক্ষের উপরি ভাগ, অশ্বশালা
সুগ্রীব —কপিরাজ, শিব, ইন্দ্র, রাজহংস,কৃষ্ণাশ্ব-শৈল-
অস্ত্র বিং,জলাশয়,বীর, বাসুকি,সুন্দরগ্রীবাযুক্ত
সচিব —সহায়, সঙ্গী, অমাত্য, মন্ত্রী।
অজীব —[নির্জীব] মৃত, অবসন্ন, জীবন রহিত, দুর্ব্বল।
আজীব—যদ্দ্বারা বাঁচা যায়=উপজীবিকা, জীবনোপায়
রাজীব —পদ্ম, হস্তী, বৃহৎ মৎস্য, হরিণ বিং, সারস।
সজীব —যাহার জীবন আছে=জীবিত।
নিষ্ঠীব —শ্লেষ্মাদি ত্যাগ, মুখ জল, থুথু, লালা,উদ্গীরণ
গাণ্ডিব—[গাণ্ডীব] অর্জ্জুনের ধনুক, চাপ।
গৃণ্ডীব —বড় শিয়াল, ভূঁড়ো শৃগাল।
অতীব —অতিশয়, অধিক।
পার্থিব —পৃথিবীর অধিপতি, রাজা।
ত্রিদিব —স্বর্গ, আকাশ, নভঃ।
মনীব —(যাং) প্রভু, কর্ত্তা।
ত্রিপিব —জলপান কালীন যার কর্ণ পেয়জল স্পর্শ করে
অমীব —পাপ, কষ্ট।
কিমিব—কি, কিই, কিছু, কাহার ন্যায়।
অক্লীব —অবন্ধ্যা, সবল, বীর, ধৈর্য্যশালী, অকাতর।
অশিব —অমঙ্গল, অশুভ।
সাচিব্য—মন্ত্রিত্ব, সাহায্য, সহায়তা, বন্ধুতা।
আজীব্য-উপজীব্য, অবলম্বন।

পিতৃব্য—পিতার ভ্রাতা, খুড়া, জেঠা।
ভ্রাতৃব্য—ভাইপো, শত্রু।
অতীব্র—তীক্ষ্ণতাশূন্য, ভোঁতা।
ভূনিম্ব—চিরাতা, কটুতিক্ত।
দাড়িম্ব—দালিম গাছ, তৎফল, বেদানা।
হিড়িম্ব—রাক্ষস বিং।

ইব—অন্ত। (৪) চতুরক্ষর।

তরতিব্ —(যাং) শৃঙ্খল, পর পর, ক্রম।
হয়গ্রীব —দৈত্য-বিষ্ণুর অবতার বিং, নৃসিংহ অবতার
বক্রগ্রীব —যাহার গলা বাঁকা, উট, ক্রমেলক।
শিখিগ্রীব —তুঁতিয়া, তুথ।
দীর্ঘগ্রীব —নীলবক, উট, বক, নীল ক্রৌঞ্চ, দীর্ঘকণ্ঠ।
রাজগ্রীব —মৎস্য বিং, ফলুই মাছ।
পুটগ্রীব —তাম্রকুম্ভ, গগরী, গাড়ু।
উষ্ট্রগ্রীব —অর্শরোগ।
পঙ্ক্তিগ্রীব—দশানন, রাবণ।
মণিগ্রীব —কুবের পুত্র।
নীলগ্রীব —শিব, নীলকণ্ঠ।
মহাগ্রীব —বৃহৎ গ্রীবা বিশিষ্ট=উট।
জায়াজীব —যে জায়া দ্বারা বাঁচে=বেশ্যাপতি, নট।
মৃগাজীব —মৃগয়াজীবি, ব্যাধ, শিকারী।
রঙ্গাজীব —চিত্রকর, নট, নাট্য কারক, নর্ত্তক।

অজাজীব —ছাগোপজীবী, মেষ ব্যবসায়ী।
গজাজীব —মাহুত, হস্তীপক।
তূর্য্যাজীব —বাদ্য ব্যবসায়ী।
গতজীব —গতপ্রাণ, মৃত।
পুত্রজীব —জীয়াপুতের গাছ।
ক্ষেত্রাজীব—কৃষক, কৃষিজীবী।
শস্ত্রাজীব —শস্ত্রজীবী, সৈনিক।
বৃদ্ধ্যাজীব —বার্দ্ধুষিক, বৃদ্ধিজীবী, সুদখোর।
পণ্যাজীব —বণিক্, সওদাগর, ব্যবসায়ী।
পুষ্পাজীব —মালাকার, মালী।
জীবজীব —যে দীর্ঘকাল বাঁচে=চকোর পক্ষী, বৃক্ষ বিং
দেবাজীব – দেবল, পূজারী ব্রাহ্মণ।
সুরাজীব —শৌণ্ডিক, শুঁড়ি।
আলজীব —(দেং) ক্ষুদ্র জিহ্বা।
সনিষ্ঠীব —অম্বুকৃত, নিষ্ঠীবন যুক্ত বাক্য।
কিকিদিব —[কিকীদিব] স্বর্ণচাতক-চাষ-নীলকণ্ঠ পক্ষী
নক্তন্দিব —রাত্রিদিন, দিবারাত্রি।
অহর্দিব —অহঃরহঃ।
শীতশিব —সৈন্ধব লবণ, গন্ধদ্রব্য বিং, মধুরিকা, মৌরী।
সিতশিব —[সিতসিব] সৈন্ধব লবণ।
সদাশিব —মহাদেব, ত্রিলোচন।
মনাসিব —[মুনাসিব] (ফাং) যথার্থ, ঠিক, প্রকৃত।

উপজীব্য —আশ্রয় স্থান, কারণ।

দিব্যাদিব্য--নায়ক বিং।

জলডিম্ব --শম্বুক, শামূক।

পঞ্চনিম্ব —নিম্ব বৃক্ষের ত্বক্-পত্র-পুষ্প-ফল-মূল।

অম্বুবিম্ব —[জলবিম্ব] জলের বুদ্‌বুদ্।

শাকবিম্ব —বার্ত্তাকু বৃক্ষ, বেগুণ গাছ।

প্রতিবিম্ব --প্রতিচ্ছায়া, দর্পণাদিতে অনুরূপ আকৃতি।

হস্তবিম্ব --গন্ধ দ্রব্য চূর্ণ, স্থাসক।

শ্রোণিবিম্ব--কটিসূত্র, গোট, ঘুন্‌সি প্রভৃতি।

ইব—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

ডেস্ক্রাইব্ --(ইং) বর্ণনা করা।

কর্ম্মসচিব =-কার্য্যে যে সহায়তা করে=সহকারী।

নর্ম্মসচিব —[ক্রীড়াসচিব] বিদূষক, মোসাহেব, ভাঁড়।

ঔষধাজীব =-কবিরাজ, বৈদ্য, ডাক্তার।

কুমারজীব —জীয়াপুতা লতা।

উব—অন্ত। (২) দ্ব্যক্ষর।

চুব্ --(ধা) চুম্বন-চুম্বন, চুম্বিত, চুম্বক, চুম্বন।

তুব্ —(ধা) বধ করা-তুম্ব, তম্বল, তুম্বিত, তুম্বী, তম্বন।

চুন্‌ব্ —(ধা) চুম্বন করা।

উম্ব্ —(ইং) জরায়ু।

শ্রুব --[স্রুব] যজ্ঞ, যাগ, যজ্ঞের ব্যবহার্থ পাত্র বিং।

ধ্রুব —ব্রহ্মা, বিষ্ণু, শিব, উত্তানপাদ রাজপুত্র, মুড়া,

ডুমুর গাছ, পক্ষী-বস্নু-যোগ বিং, উৎপ্রেক্ষা, নিশ্চয়, তর্ক, বিচার, স্বর্গ, যজ্ঞপাত্র বিং, নৃত্য, অক্ষয়, নিশ্চিত, দৃঢ়, স্থির, বিস্তৃত, নক্ষত্র বিং, কেন্দ্র বিং, স্থাণু, নিত্য, শরাটি, নাসাগ্র,ললাটস্থ আবর্ত্ত-গানের পদ-গন বিং, আকাশ,স্থিরীকৃত

কুব্র —অরণ্য, বন।

চুব্র —বক্ত্র, বদন, মুখ, আস্য, আনন।

ভুবঃ —অকাশ, অন্তরীক্ষ, গগণ, অম্বর, নভঃ।

তুম্ব —অলাবু, লাউ। (যাং) কদু।

কূর্ব্ব —নাসিকার উর্দ্ধ্বভাগ,ভ্রূমধ্য,শ্মশ্রু,দাড়ি,গোঁপ।

পূর্ব্ব —আদি,প্রথম,প্রাগ্দিগ্দেশকাল,সমগ্র,জ্যেষ্ঠ,পুরাকালীন,প্রাচ্যদেশীয়,অগ্র,পূর্ব্বপুরুষ,কারণ,প্রাক্

উব—অন্ত। (৩) ত্র্যক্ষর।

কুটুম্ব্ —(ধা) ধারণ করা, পোষণ করা।

অধ্রুব —অনিত্য, অনিশ্চিত, চঞ্চল, অস্থির।

মরুব —বৃক্ষ বিং, নাগদানা গাছ।

বিষুব —দিবারাত্রির সমকাল=চৈত্র সংক্রান্তি।

কুটুম্ব —জ্ঞাতি, পরিবার বর্গ, পোষ্য বর্গ।

কুরুম্ব —কমলা লেবু।

গোড়ুম্ব—তরমুজ, গোমুক, ফুটী।

হুড়ুম্ব —ভৃষ্ট চিপিটক, চিঁড়া ভাজা, মুড়ী।

অপূর্ব্ব —অদৃষ্ট, পাপ বা পুণ্য, ব্রহ্মা,আশ্চর্য্য,নূতন।

স্ত্রীপূর্ব্ব—স্ত্রীজিত, স্ত্রীর বশীভূত পুরুষ, স্ত্রৈন।

উব—অন্ত। (৪) চতুরক্ষর।

বিজ্ঞব্রুব —মূঢ় ব্যক্তির আত্মশ্লাঘা।
দ্বিজব্রুব —ছলব্রাহ্মন, অধম দ্বিজ।
স্বয়ম্ভূব —[স্বায়ম্ভূব] স্বয়ম্ভূ পুত্র, প্রথমমনু, ব্রহ্মসম্বন্ধীয়
কৃতপূর্ব্ব —যাহা পূর্ব্বে করা হইয়াছে।
ভূতপূর্ব্ব —যাহা পূর্ব্বে ছিল, পূর্ব্বাতীত, অতীতকাল।
যথাপূর্ব্ব —পূর্ব্বানুরূপ, পূর্ব্বমত।
অনুপূর্ব্ব —[আনুপূর্ব্ব] যথাক্রম, পর পর, অনুক্রম।

উব—অন্ত। [৫] পঞ্চাক্ষর।

ব্রাহ্মণব্রুব —নীচ ব্যবসায়ী ব্রাহ্মণ, অপকৃষ্ট ব্রাহ্মণ।
জলবিষুব —যখন বর্ষার অপগম হয়=কার্ত্তিক সংক্রান্তি
মহাবিষুব —সূর্য্যের মেষ রাশিতে সংক্রমণ।
অদৃষ্টপূর্ব্ব —যা' পূর্ব্বে কখন দৃষ্ট হয় নাই বা ঘটে নাই
বিদ্বিষ্টপূর্ব্ব —যাহার প্রতি পূর্ব্বে বিদ্বেষ করা হইয়াছে
অশ্রুতপূর্ব্ব —অনাকর্ণিত।
অযাতপূর্ব্ব —পশ্চাতের, পরের।
অমতিপূর্ব্ব —অজ্ঞাত, অতর্কিত, অকল্পিত।
অপ্রতিযত্নপূর্ব্ব—যাহা কৃত্রিম নয়=স্বাভাবিক।

এব—অন্ত। (২) দ্ব্যক্ষর।

সেব্ —(ধা) সেবা-সেবন, সেবা, সেবিত, সেব্য, সেবক।
এব —সাদৃশ্য, নিশ্চয়, অবধারণ, পরিসংখ্যা, বাক্য-

পূরণ, ব্যবচ্ছেদ। (ইং) ভাঁটা।

ছেব —(দেং) থুথু, নিষ্ঠীবন। (যাং) ফল বিং।

জেব —(যাং) পকেট, থলিয়া বিং।

দেব —ঈশ্বর, সুর, দেবতা, দেবর, মেঘ, পারদ, নাট্যে রাজার সম্বোধন, মূর্খ, বালক, খেলা, জিগীষা, ব্রাহ্মণ কায়স্থের পদবী বিং, ইন্দ্রিয়, দীপ্তি, পূজ্য, দাতব্য, লতাবিং, শ্যামাপাখী, শালিপর্ণি, মূর্ব্বা, সৈনিক পুরুষ, রাজা, অমর, আদিত্যেয়

শেব —উপস্থ, লিঙ্গ, উচ্চতা, সর্প, উন্নত।

সেব্য —সেবনীয়, বেণার মূল।

এবং —অপর, অপিচ, আর, সাদৃশ্য, প্রশ্ন, নিশ্চয়।

এব—অন্ত। (৩) ত্র্যক্ষর।

আয়েব—(যাং) দোষ, অলক্ষণ।

গায়েব —(যাং) লুট, লোকসান, অপহৃত।

নায়েব —(যাং) প্রতিনিধি, উকীল।

নিষ্ঠেব —শ্লেষ্মাদি ত্যাগ, থুথু, লালা, মুখজল, উদ্গীরণ।

নৃদেব —[নরদেব] রাজা, ব্রাহ্মণ, পার্থিব, ভূপতি।

ভূদেব —ব্রাহ্মণ, দ্বিজ।

জানেব—(যাং) পক্ষ, জ্ঞাতসার।

ফেরেব —(যাং) কৃত্রিম, তঞ্চক।

প্রসেব —বীণার অঙ্গ, গোণী, থলিয়া, প্রকৃষ্ট তন্তু।

সাহেব —[ছাহেব] (যাং) মান্য, মহাশয়, ইংরেজ।

এব—অন্ত। (৪) চতুরক্ষর।

কিউবেব্ —(ইং) কাবাব চিনি।

অবগেষ্ —নশ্বর, বিনাশ যোগ্য।

অতএব —এইজন্য, একারণ, এইহেতু।

সনিষ্ঠেব —অম্বুকৃত, নিষ্ঠীবন যুক্ত বাক্য।

কোকদেব—কপোত, পায়রা, কবুতর।

ইষ্টদেব্ —মন্ত্রদাতা, গুরু।

দৈত্যদেব—বায়ু, বরুণ।

রন্তিদেব —বিষ্ণু, চন্দ্রবংশীয় রাজা বিং, কুক্কুর।

বাস্তুদেব —গৃহ দেবতা।

আদিদেব—[ঊর্দ্ধ্বদেব] বিষ্ণু, নারায়ণ।

অধিদেব —সূর্য্যমণ্ডল, অধিষ্ঠাত্রী দেবতা।

শ্রাদ্ধদেব—যম, পিতৃলোক, মনু বিং।

সিদ্ধদেব —[মহাদেব] শিব, কৈলাসপতি।

অগ্নিদেব —অগ্নির অধিপতি, অগ্নি।

বোপদেব—মুগ্ধবোধ ব্যাকরণ প্রণেতা পণ্ডিত।

দেবদেব —ব্রহ্মা, শিব, দেবশ্রেষ্ঠ।

পূর্ব্বদেব —অসুর, দৈত্য, পিতৃলোক।

বামদেব —শিব, মহাদেব, মুনি বিং।

ভূমিদেব —ভূদেব, ব্রাহ্মণ।

নরদেব —রাজা, নৃপ, ব্রাহ্মণ, দণ্ডধর, সামগ।

হরিদেব —শ্রবণা নক্ষত্র।

বলদেব —কৃষ্ণের জ্যেষ্ঠ—বলরাম, বায়ু।
মূলদেব —কংসরাজ, কংসাসুর, ইষ্টদেবতা।
শশিদেব —রাজা বিং, রন্তিদেব।
বসুদেব —কৃষ্ণের পিতা।
বাসুদেব —বসুদেব পুত্র—শ্রীকৃষ্ণ।
বিশ্বদেব —অগ্নি, গণদেবতা বিং।
বৈশ্বদেব —বিশ্বদেব সম্বন্ধীয়, বিশ্বদেবের উদ্দেশে দত্ত।
সহদেব —মাদ্রীর পুত্র, পাণ্ডুর কনিষ্ঠপুত্র, জরাসন্ধ পুত্র
অনন্তদেব —বিষ্ণু, বাসুকি, শেষ নাগ।

ঐব—অন্ত। (২) দ্ব্যক্ষর।

গ্রৈব —কণ্ঠভূষণ, কণ্ঠ বন্ধন, গ্রীবা সংক্রান্ত।
দৈব —ভাগ্য, অদৃষ্ট, অঙ্গুলির অগ্রভাগরূপ দেব তীর্থ, বিবাহবিং, ভাগ্যজাত, দেব সম্বন্ধীয়, অলৌকিক।
শৈব —শিবের উপাসক, শৈবাল, শিব সম্বন্ধীয়, বকপুষ্প, ধুস্তূর, আচার বিং, শিবভক্ত, শিবপুরাণ।
ক্লৈব্য —ক্লীবত্ব. কাপুরুষতা, কাতরতা, নিষ্ফলতা।
শৈব্য —শিব সম্বন্ধীয়, নৃপ-কৃষ্ণের অশ্ব—পাণ্ডব সৈন্য বিং

ঐব—অন্ত। (৩) ত্র্যক্ষর।

যথৈব —(দেং) যদ্রূপ, যেপ্রকার, যেমন।
তথৈব —সেই প্রকার, যেমন তেমন, যৎসামান্য।
দুর্দ্দৈব —দুর্ভাগ্য, দুরদৃষ্ট, দুর্ঘটনা, দুর্গতি।
সর্ব্বৈব —(দেং) সমুদায়ই, সাকুল্য।

অতিদৈব—দেবতাদিগেরও অসাধ্য,ক্ষমতার অতীত।

ওব—অন্ত। (২) দ্ব্যক্ষর।

রোব্—(ইং) দড়ি।

কোম্ব—(ইং) চিরুনি।

ছোব—(দেং) (ছোপ শব্দজ) দাগ, বস্ত্রাদির রং করা।

টোব—(টোপ,টোল)(দেং)তৈজসাদির আঘাত চিহ্ন।

ঔব—অন্ত। (২) দ্ব্যক্ষর।

সৌব—স্বীয়,স্বকীয়,আপনার,রাজাজ্ঞা,ঘোষণাপত্র মাত্র

ধ্রৌব্য—স্থিরতা, নিশ্চলতা।

ঔর্ব্ব—[ঔর্ব্ব্য] বাড়বানল, ভৃগুর ঔরস জাত মুনি বিং

বা। (১) একাক্ষর।

বা—উপমা,বিকল্পবোধকশব্দ,এবং,কিম্বা,অশ্চর্য্যবোধক

বাঁ—(দেং) বাম, সব্য।

অবা—অন্ত। (২) দ্ব্যক্ষর।

জবা—স্বনাম খ্যাত পুষ্প বৃক্ষ বা পুষ্প, জবাফুল।

অর্ব্বাঙ্—নিকৃষ্ট, নীচ, বক্র, কনিষ্ঠ, ক্ষুদ্র।

যদ্বা—পক্ষান্তরে।

মদ্বা—শিব, মহাদেব।

অম্বা—দুর্গা,কাশীরাজ দুহিতা, মাতা, জননী।

তম্বা—গাভী, গাই।

লম্বা—দীর্ঘ, লক্ষ্মী, দুর্গা, গৌরী, তিক্ত অলাবু।

হম্বা—গোধ্বনি, গরুর শব্দ।

অবা—অন্ত। (৩) ত্র্যক্ষর।

রকবা —(যাং) অংশ, রকম, জমি প্রভেদ।

মঘবা —ইন্দ্র, দেবরাজ।

অথবা —কিম্বা, পক্ষান্তর।

বিধবা —মৃত পতিকা, রণ্ডা, রাঁড়, বিবস্ত্রা।

সধবা —সভর্ত্তৃকা, পতিবত্নী, জীবৎপতিকা স্ত্রী, সবস্ত্রা।

বড়বা —ঘোটকী, কুম্ভদাসী, দ্বিজযোষিৎ, সমুদ্রজাতঅগ্নি

উৎপ্লবা—নৌকা, তরণি।

বিশ্রবাঃ—রাবণের পিতা, মুনি বিং।

গুরম্বা —[গুড়ম্বা] লম্পট, কর্ত্তব্য কর্ম্ম ভ্রষ্ট।

মলম্বা —সোণালী, সোণার পাত।

অথর্ব্বা —ব্রাহ্মণ, বশিষ্ঠের অন্য নাম।

সুপর্ব্বা—[সুপর্ব্ব] দেবতা, শর, পত্রী, বাঁশ, বেণু, তিথি বিং, শর, সুন্দরপর্ব্ব, ধূম, শ্বেতদূর্ব্বা, বাণ।

অবা—অন্ত। (৪) চতুরক্ষর।

গতার্ত্তবা —বৃদ্ধা স্ত্রী, বন্ধ্যা স্ত্রী, বাঁজা।

অনার্ত্তবা —যে স্ত্রীর রজঃ হয় নাই=অজাত-রজস্কা।

পুনর্ণবা —শাক বিং।

গ্রীষ্মভবা —নব মল্লিকা, মল্লিকা, বেলফুল, জুঁই।

আত্মোদ্ভবা-কন্যা, পুত্রী, তনয়া।

পদ্মোদ্ভবা—মনসা দেবী, বিষহরা।

সুধোদ্ভবা—হরীতকী।

ছিন্নোদ্ভবা—গুড়ুচী।

দিবোদ্ভবা—এলা, এলাচি।

গোগোদ্ভবা-নর্ম্মদা নদী।

মরুদ্ভবা —[মরুদ্ভবা] কার্পাসী, কার্পাস, ক্ষীরাই লতা

গুড়োদ্ভবা—শর্ক্করা, চিনি।

গোসম্ভবা —শ্বেত দূর্ব্বা, গোজাত, গরু হইতে উৎপন্ন।

ঘণ্টারবা —বন শোণ-যাহা ঝণঝণ শব্দ করে, বৃক্ষবিং

চক্ষুঃশ্রবাঃ—[চক্ষুশ্রবা] যাহাদের চক্ষুই কর্ণস্বরূপ-সর্প।

উগ্রশ্রবাঃ --[উগ্রশ্রবা]রোমহর্ষণ পুত্র,তীক্ষ্ণশ্রবণশক্তিযুক্ত

উচ্চৈঃশ্রবাঃ-[উচ্চৈঃশ্রবা] ইন্দ্রের ঘোটক, বধির।

অষ্টশ্রবাঃ —[অষ্টশ্রবা] বিধাতা, ব্রহ্মা।

শ্রুতশ্রবাঃ--[শ্রুতশ্রবা]শিশুপালের পিতা, সূর্য্যের এক
পুত্র,শম্যাগ্রজ, চেদিরাজ,শিশুপালের মাতা

সুধাশ্রবাঃ —[সুধাশ্রবা, সুধাস্রবা] তালু, আলজিব।

বৃদ্ধশ্রবাঃ —[বৃদ্ধশ্রবা] ইন্দ্র, শক্র, দেবরাজ, আখণ্ডল

ভূরিশ্রবাঃ-[ভূরিশ্রবা] চন্দ্রবংশীয় সোমদত্ত রাজার পুত্র

বিশ্বশ্রবাঃ—[বিশ্বশ্রবা] মুনি বিং।

পুরূরবাঃ —বুধের পুত্র,চন্দ্র বংশীয় আদি রাজা,উর্ব্বশী
রমণ, বিশ্বদেব, পার্ব্বণ শ্রাদ্ধদেব।

জগদম্বা —জগৎ মাতা, দুর্গা, কালী।

কিস্কুপর্ব্বা—ইক্ষু, নল, বাঁশ, খাগড়া, বেণু।

শতপর্ব্বা —দূর্ব্বা, শুক্রের পত্নী,ইক্ষুবিং, পূর্ণিমা, কটুকী,

পরশুরামের স্ত্রী, বচা, বাঁশ, কীচক, বেণু।
তিক্তপর্ব্বা—দূর্ব্বা, হিলগোচী, হেলেঞ্চা, গুড়ুচী, যষ্টিমধু।
উরুপর্ব্বা —জানু, হাঁটু।
বৃষপর্ব্বা —শিব, দৈত্য বিং, বোল্‌তা, তৃণ বিং, বৃক্ষ বিং

অবা—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

অম্বুধিস্রবা—ঘৃতকুমারী।
বিগতার্ত্তবা—নিবৃত্তরজস্কা স্ত্রী, বৃদ্ধা।
শক্রভূভবা—ইন্দ্র বারুণী।
ত্রিদিবোদ্ভবা-[চর্ম্মসম্ভবা] বড় এলাচ, স্থূলৈলা।
ভূমিসম্ভবা—সীতা, জানকী।
বিষ্টরশ্রবাঃ—বিষ্ণু, নারায়ণ।

অবা—অন্ত। (৬) ষড়ক্ষর।

অনাগতার্ত্তবা—যেকন্যা ঋতুমতী হয়নাই=নগ্নিকা, কুমারী
অযোনিসম্ভবা—সীতা, জানকী।
গৌতমসম্ভবা—গোদাবরী নদী।
কনকপ্রসবা —স্বর্ণ কেতকী।

আবা—অন্ত। (২) দ্ব্যক্ষর।

গ্রাবা —দৃঢ়, শক্ত, মেঘ, পর্ব্বত, প্রস্তর।
ডাবা —(দেং) মৃণ্ময় পাত্র বিং, গামলা।
তাঁবা —(দেং) ধাতু বিং, তামা।
থাবা —(দেং) থাবড়া, চড়, চাপড়।
দাবা —(দেং) সতরঞ্চ খেলা, তৎমন্ত্রী, বারান্দা, দমনকরা

বাবা —(দেং) পিতা, জনক, তাত।

হাবা —(দেং) বাক্‌শক্তিহীন ব্যক্তি, নির্ব্বোধ।

ইবা—অন্ত। (২) দ্ব্যক্ষর।

কিবা —আশ্চর্য্যার্থ, প্রশ্নার্থ।

কিংবা—[কিম্বা] অথবা, পক্ষান্তরবোধক শব্দ, বা।

গ্রীবা —কন্ধর, ঘাড়, গলা।

চিবা —(দেং) চর্ব্বিতাবশিষ্ট।

জীবা —ধনুকেরছিলা,জীবিকা,পৃথিবী,ভুমি,বচা,শিঞ্জিত

ডিবা —(দেং) পাত্র বিং, কৌটা।

দিবা —দিন, দিবস।

ধীবা —ধীবর, জেলে।

পীবা —বায়ু,পীন,বলিষ্ঠ,স্থূল, জল।

মীবা —জলবিন্দু, উদরকৃমি, সার, বাতাস, শীকর।

শিবা —শৃগালী, হরীতকী, আমলকী, নদী বিং, হরিদ্রা, মুক্তি,মোক্ষ,দূর্ব্বা,শমীবৃক্ষ, দুর্গা, ভবানী,গোচনা

শীবা —অজগর সর্প, বৃহৎ সর্প, বোড়া সাপ।

জীব্যা—হরীতকী, জীবন্তী বৃক্ষ।

জিব্রা—অশ্বজাতীয় কর্ব্বুর বর্ণ প্রাণী বিং।

বিম্বা —তেলাকুচার ফল, জল বুদ্বুদ,চন্দ্র ও সূর্য্য মণ্ডল

ইবা—অন্ত। (৩) ত্র্যক্ষর।

যদিবা —পক্ষান্তর, অথবা।

সুপীবা —উত্তম রূপে পানকারী।

সারিবা—লতা বিং, অনন্ত মূল।

ইবা—অন্ত। (৪) চতুরক্ষর।

কম্বুগ্রীবা—শঙ্খগ্রীবা, কম্বুর ন্যায় ত্রিরেখাঙ্কিত গলা।

রূপাজীবা—বেশ্যা, বারবধূ।

প্রতিদিবা—সূর্য্য, প্রতিদিন।

দিব্যাদিব্যা-দিব্য-অদিব্য ভাবাপন্না-উপদেবী বিং।

শূকশিম্বা—কপিকচ্ছু, আলকুশী লতা।

ইবা—অন্ত। (৬) ষড়ক্ষর।

কালানুশারিবা—তগর মূল, শিউলীর ঝোপ।

উবা—অন্ত। (২) দ্ব্যক্ষর।

যুবা—তরুণ, সুশ্রী, ১৬ অবধি ত্রিশ বৎসর পর্য্যন্ত বয়স্ক

থুবা—(দেং) গুচ্ছ, স্তবক, ঝাপ্পা।

বুবা—(যাং) ভগ্নি, বোন।

কুম্বা—যজ্ঞভূমির চারিদিকে স্থিত বেড়া।

শুম্বা—(যাং) শনিবার।

দূর্ব্বা—স্বনাম প্রসিদ্ধ তৃণ-যে পাপ নষ্ট করে।

পূর্ব্বা—প্রাচীদিক, পূর্ব্বদিক।

মূর্ব্বা—মূরগা গাছ-যাহার সূত্রে ধনুকের ছিলা হইত।

উবা—অন্ত। (৩) ত্র্যক্ষর।

নতুবা—অন্যথা, নচেৎ, অথবা, যদি নাহয়।

দোশুম্বা—(যাং) সোমবার।

সেশুম্বা—(ছেশুম্বা) (যাং) মঙ্গলবার।

উবা—অন্ত। (৪) চতুরক্ষর।

একশুস্বা —(যাং) রবিবার।

চাহাশুস্বা—(যাং) বুধবার।

গ্রন্থিদূর্ব্বা —[মালাদূর্ব্বা, গ্রন্থদূর্ব্বা] দূর্ব্বাবিং,গেঁটেদূর্ব্বা।

অন্যপূর্ব্বা —পুনর্ভূ, দ্বিরূঢ়া, ২বার বিবাহিতা।

পরপূর্ব্বা —যে স্ত্রীর পূর্ব্বে অন্য স্বামি ছিল=দ্বিরুক্তা।

এবা—অন্ত। (২) দ্ব্যক্ষর।

কেবা—(দেং) কোন জন, কোন ব্যক্তি।

দেবা —দেবর, পতির কনিষ্ঠ ভ্রাতা, অশনপর্ণী।

নেবা—(দেং) চক্ষুরোগ বিং, কামলা, পাণ্ডুরোগ।

রেবা —নর্ম্মদা নদী, রতি, কামপত্নী, দুর্গা, নীলগাছ।

সেবা —পরিচর্য্যা,শুশ্রূষা,উপভোগ,আশ্রয়,উপাসনা।

হেবা —(যাং) দান, দানপত্র।

এবা—অন্ত। (৩) ত্র্যক্ষর।

আসেবা —ইচ্ছা করিয়া পুনঃপুনঃ কার্য্যে প্রবৃত্তি।

দ্বিট্‌সেবা—শঠতা, ছলনা, বঞ্চনা।

এবা—অন্ত। (৪) চতুরক্ষর।

অগ্নিদেবা —কৃত্তিকা নক্ষত্র।

বারসেবা —বেশ্যা সমূহ, বারাঙ্গনা গণ।

অ্যালজেব্রা-(ইং) বীজ গণিত।

এবা—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

অতিথিসেবা—আতিথ্য ক্রিয়া, আতিথ্য।

ওবা—অন্ত। (২) দ্ব্যক্ষর।

জোবা—(যাং) গরুর খাদ্যের ছানি=পোয়াল আদি।

ডোবা—(দেং) ক্ষুদ্র জলাশয়, ডুবন, গর্ত্ত।

তোবা—(যাং) দিব্য, কসম, শপথ, কিরা।

থোবা—(দেং) গুচ্ছ, স্তবক, কাঁদি।

বোবা—(দেং)মূক্, হাবা, বাক্য হীন, মৌনী।

রোবা—(যাং) চতুর্থাংশ, পীড়া, ওলাউঠা।

বি। (১) একাক্ষর।

বি —উপসর্গ বিং, বিশেষ, বৈরূপ্য, প্রভেদ,গতি, পরিভব, নিশ্চয়, অসহন, বৈপরীত্য, অব্যাপ্তি, বিনিয়োগ, ঈষদর্থ, বিষম, শুদ্ধ, নিন্দা, হেতু, অবলম্বন, বিজ্ঞান, বিরক্তি, আরম্ভ, অসম্মতি, পালন, স্বর্গ, ত্রিদিব, চক্ষুঃ, পক্ষী, আকাশ, নভঃ দান।

বী —(ধা) ইচ্ছা,গমন,ভোজন। (ইং) মৌমাছি।

ব্রী—(বৃ) (ধা) বরণ করা।

বৃ —(ধা) আচ্ছাদন, ধারণ–বরণ, বারণ।

অবি—অন্ত। (২) দ্ব্যক্ষর।

অবি —সূর্য্য,প্রভু,বায়ু,পর্ব্বত,ছাগ,মেষ, মূষিক, প্রাচীর, কম্বল, নাথ, ঋতুমতী স্ত্রী, পুষ্পবতী।

অবী —[অবি] রজঃস্বলা স্ত্রী।

কবি —কাব্যকর্ত্তা, বাল্মীকি, সূর্য্য, ব্রহ্মা, পণ্ডিত।

গবী —গাভী, বাণী, বাক, ধেনু।

ছবি —(দেং) দীপ্তি, শোভা, চিত্রিত মূর্ত্তি, প্রতিমূর্ত্তি।
জবী —বেগবিশিষ্ট, দ্রুতগামী, ঘোটক, উষ্ট্র।
যবি —সমুদ্র, অর্ণব।
স্থবি —তন্তুবায়, তাঁতি।
পবি —অশনি, বজ্র।
রবি —সূর্য্য, নায়ক, রক্ত অশোক বৃক্ষ, আকন্দ বৃক্ষ।
লবি —ছিন্ন, ছেঁড়া।
হবিঃ —ঘৃত, হব্যঘৃত, জল, হোম।
কম্বি —বাঁশের পাব, দর্ব্বি, হাতা।
তম্বি —(যাং) অনুযোগ, তিরস্কার।
দর্ব্বি —হাতা, সর্প ফণা, খজাকা।

অবি—অন্ত। (৩) ত্র্যক্ষর।

বায়বী —বায়ু-কোণ, উত্তর পশ্চিম দিক্।
নিচ্ছবি—ত্রিহুত দেশ, তীরভুক্তি দেশ, মিথিলা রাজ্য।
প্রজবী —অতিশয় বেগবান্, দ্রুতগামী।
অটবি —[অটবী] বন, জঙ্গল, কানন।
কোটবি—[কোট্টবী] দুর্গা, কালী, বিবস্ত্রা নারী।
মাণ্ডবী —কুশধ্বজ তনয়া, দশরথ পুত্র-ভরতের ভার্য্যা।
আর্ত্তবী —ঘোটকী।
পৃথবী —ভূমণ্ডল, ধরা, ভূ, ক্ষিতি।
পদবি —[পদবী] পদ্ধতি, উপাধি, উপনাম, পথ, ব্যবসায়
মাধবী —স্বনামখ্যাত লতা, কুষ্ঠ, মদিরা, মিসি, দুর্গা, তুলসী,

মধু, শর্করা, কুট্টনী, মাধবের পত্নী।

বৈণবি —বেণুবাদক, বংশীবাদক, বংশলোচন ।

বভ্রবী —[বাভ্রবী] দুর্গা, পার্ব্বতী।

সাম্ভবী —রক্ত লোধ্র বৃক্ষ।

করবী —স্বনাম খ্যাত পুষ্প বিং, লম্বা উচ্ছে।

কারবী —হিঙ্গের পাতা,কৃষ্ণজীরক,ময়ূরশিখা,মৌরী।

চরবী —(যাং) বসা, শরীরস্থ ধাতু বিং।

পরবী —(যাং) পর্ব্বকালিন নিয়মিত দেয় মুদ্রাদি।

ভারবি—কিরাতার্জ্জুনীয় গ্রন্থকর্ত্তা।

মৌলবী-আরবি ও পার্শিতে যাহার ব্যুৎপত্তি জন্মিয়াছে

পল্লবী —বৃক্ষ, গাছ।

কসবী —(যাং) বারাঙ্গনা, বেশ্যা, কুলটা।

প্রসবী—উৎপাদক, জনক।

সুষবী —কারবেল্ল, করলা, কৃষ্ণ জীরক, জীরক।

জাহ্নবী —গঙ্গা, সুরধুনী, ত্রিপথগা, জহ্নু কন্যা।

কলম্বী —কলমি শাক, কড়ম্বী।

বিলম্বী —বিলম্ব কারী, অসত্বর।

অবি—অন্ত। (৪) চতুরক্ষর।

আদিকবি —প্রথম কবি, ব্রহ্মা, বাল্মীকি মুনি।

বর্ণকবি —কুবেরের পুত্র, নলকুবের।

আজগবী —(যাং) আচম্বকা, অপূর্ব্ব, হঠাৎ।

মনোগবী —ইচ্ছা, অভিলাষ।

ভিল্লগবী —চমরী গাভী।
পরেত্ববি —পর দিবসে, আগামী দিনে।
ধর্ম্মদ্রবী —গঙ্গা, সুরধুনী, ভাগীরথী।
পুনর্ভবী —আত্মা, জীব।
হম্বল-বী —(ইং) ভ্রমর, অলি।
অবলম্বী —আশ্রয় কারী।

অবি—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

অর্জ্জুনচ্ছবি—শুভ্রকান্তি, শ্বেতবর্ণ যুক্ত।
ঘনপদবী —ব্যোম, অন্তরীক্ষ, ময়ূর।
বার্ষভানবী —বৃষভানুর কন্যা, রাধিকা, রাধা।
অপসলবি —বৃদ্ধাঙ্গুষ্ঠ ও প্রদেশিনীর মধ্যস্থ স্থান।
বাহ্বাহবি --বাহু যুদ্ধ, হাতাহাতি, মল্লযুদ্ধ।
অস্তাবলম্বী —অস্তগত, অস্ত প্রাপ্ত, অন্তর্হিত।
উপস্থিতকবি-যে হঠাৎ প্রশ্নের উত্তর দিতে পারে।
কোকনদচ্ছবি-রক্ত বর্ণ বিশিষ্ট।

আবি—অন্ত। (২) দ্ব্যক্ষর।

আবি —(আবিস্) প্রস্ফুটত্ব, প্রাকাশ্য, উদ্ভব।
আবী —প্রসব যন্ত্রণা, কষ্ট।
চাবী —(যাং) কুলুপের কাটী, ছোড়ান, কুঞ্চিকা, কুঁজী।
দাবি —(যাং) দাওয়া, আদেয়, পাওনা।
নাবি —(দেং) উচিত সময়ের পশ্চাৎ=নমল।
নাবী —শ্রেণী বদ্ধ জাহাজ বা নৌকা প্রভৃতি।

খাবি —[খাপি] (দেং) মুখ দিয়া নিশ্বাস নিঃসরণ।
ভাবী —ভবিষ্যৎ, আগামী। (যাং)বড়ভাইয়ের স্ত্রী।
প্লাবী —পক্ষী, পাখী।
হাবি —(দেং) অল্পবুদ্ধিমতী, স্ত্রীর প্রতি সোহাগসম্ভাষণ
চার্ব্বী —মনোহারিণী স্ত্রী, কুবেরপত্নী, দীপ্তি, জ্যোৎস্না।
দার্ব্বী —দেবদারু বৃক্ষ, দারুহরিদ্রা, বিদারণ করা।

আবি—অন্ত। (৩) ত্র্যক্ষর।

মায়াবী —কুহকী, বিড়াল তপস্বী, কপটাচারী।
রেকাবী —(দেং) ধাতুনির্ম্মিত পাত্র বিং।
তাগাবী —(যাং)যোত্রহীনপ্রজাকে আবাদ জন্যঋণদান
মেধাবী —মেধাবিশিষ্ট, জ্ঞানী, পণ্ডিত, শুকপক্ষী, মদ্য
সংরাবী —(বিরাবী) শব্দ কারক, শব্দ বিশিষ্ট।
কৌশাম্বী—প্রয়াগ, বৎসরাজ নগরী।

আবি—অন্ত। (৪) চতুরক্ষর।

আময়াবী —রোগী, ব্যাধিগ্রস্ত, মন্দাগ্নি যুক্ত।
মদস্রাবী —মদবর্ষী, মদক্ষরণবিশিষ্ট।
শঙ্খদ্রাবী —অম্ল বেতস বৃক্ষ।
মলদ্রাবী —জয়পালের বীজ, বিরেচক ঔষধ।
বৃহদ্রাবী —ক্ষুদ্র পেচক।
লোহদ্রাবী—টঙ্কণ, সোহাগা।
সদ্যোভাবী—তর্ণক, সদ্যোজাত বৎস।
পরিভাবী —পরিভবকারী, অতিক্রম কারী, তিরস্কারী।

সহভাবী —সহোদর, সহায়, সোদর, সহচর।

ছয়লাবী —(যাং) জলপ্লাবন।

পুষ্পলাবী —মালাকার, মালী।

আবি—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

অবশ্যম্ভাবী—যাহা নিশ্চয় হইবে।

ইবি—অন্ত। (২) দ্ব্যক্ষর।

কুবি —কাপড় বুনিবার যন্ত্র=তাঁত।

গ্রীবী —উট, উষ্ট্র, উন্নত গ্রীবাবিশিষ্ট জন্তু।

চিবি —দাড়ী, থুতনি, ওষ্ঠাধোভাগ।

জীবী—যে বাঁচিয়া থাকে=প্রাণী।

ঢিবী —(দেং) উচ্চস্থান, স্তূপ, রাশি।

দিবি —গগণ, আকাশ, স্বর্গ, চাষ পক্ষী।

দিবী —উপজিহ্বিকা নামক কীট।

নীবি —[নীবী] মূলধন, পুঁজি, বাজি, পণ, স্ত্রী ও পুরুষের কটিবন্ধন বস্ত্র, কুশ রচিত মোটক বন্ধন।

বিবি —[যাং] মান্যা স্ত্রীলোক, মেম্।

লিবি —[লিবী] চিঠি, চিত্র কু, মাতৃকা বিং।

শিবি —শরণাগত রক্ষক, হিংস্রজন্তু, ভূর্জ্জবৃক্ষ, নৃপ বিং

দিব্বি —শপথ, প্রতিজ্ঞা।

জিব্রি —কাল, সময়, পক্ষী।

গির্ব্বি—[যাং] বন্ধক বিং, জমী বন্দক।

শীর্ব্বি —অপহারক, চোর, মলিম্লুচ, ক্ষতিকারক, বস্ত

ইবি—অন্ত। (৩) ত্র্যক্ষর।

জাগৃবী—অগ্নি, বহ্নি।

নিচ্ছিবি—বর্ণসঙ্কর জাতি বিং।

গাণ্ডিবী—(গাণ্ডীবী) গাণ্ডীব ধারী=অর্জ্জুন, ধানুষ্ক।

পৃথিবী—ভূমি,ধরা, বিশ্বম্ভরা,পৃথুরাজার কন্যা।

দীদিবি—উদিত, অন্ন, ভাত, বৃহস্পতি।

কুম্বিম্বী—সীম্‌গাছ, শিম্বী।

ইবি—অন্ত। [৪] চতুরক্ষর।

জায়াজীবী—নট, বেশ্যা পতী।

মায়াজীবী—ভেল্কীকর, ইন্দ্রজাল ব্যবসায়ী।

ভৈক্ষজীবী—ভিক্ষাজীবী।

সজ্জজীবী—ব্রাত্তীন, মুটিয়া, কুলি, মজুর।

ঘট্টজীবী—পাটুনি জাতি, ঘাটিয়াল।

ভৃতিজীবী—বেতনভোগী, বেতনগ্রাহী, দাস, সেবক।

শস্ত্রজীবী—[শস্ত্রাজীব] সৈনিক, অস্ত্রধারী।

সুধাজীবী—রাজমিস্ত্রী।

বুদ্ধিজীবী—বুদ্ধিমান্, জ্ঞানী।

বৃদ্ধিজীবী—[বৃদ্ধাজীব] সুদ খোর।

ক্ষীণজীবী—ক্ষুদ্র প্রাণ, অল্পপ্রাণ, দুর্ব্বল।

তৃণজীবী—যে সব পশু তৃণ ভক্ষণ করিয়া দেহ ধরে।

অনুজীবী—অনুবর্ত্তী, পোষ্য, ভৃত্য, চাকরাদি।

রত্নজীবী—মণিকার, জহুরী, রত্নাদি বিক্রেতা।

উপজীবী —জীবিকা দ্বারা প্রাণ ধারণকারী, আশ্রিত।
পুষ্পাজীবী—মালাকার, মালী।
ভূমিজীবী —[কৃষিজীবী] বৈশ্য।
চিরজীবী —(চিরঞ্জীবী) বহুকাল স্থায়ী, দীর্ঘায়ুঃ, বিষ্ণু, কাক, জীবক ও শাল্মলী বৃক্ষ, মার্কণ্ডেয়, পরশুরাম-অশ্বত্থমা-বলি-বেদব্যাস-হনুমান-বিভীষণ-কৃপাচার্য্য=৭ জন অমর।
সুরাজীবী —শৌণ্ডিক, শুঁড়ি।
জালজীবী —(মৎস্যজীবী) ধীবর, জেলে।
কৃষিজীবী —কৃষক, চাষা।
মসীজীবী —লেখক, লিপিকর, লেখ্যোপজীবী।
লোহজীবী —টঙ্কণ, সোহাগা।
ব্রহ্মজীবী —বৈতনিক ব্রাহ্মণ, অপবিত্র ব্রাহ্মণ।
ব্যস্তবিবি —বিলোম ক্রিয়া।
শুকশিম্বী —[কোলশিম্বী] আলকুশী, কপিকচ্ছু।

ইবি—অন্ত। [৫] পঞ্চাক্ষর।

কুহকজীবী —যে বাজী দেখাইয়া জীবীকা নির্ব্বাহ করে
কুশীদজীবী —যে সুদের নিমিত্ত টাকা ধার দেয়।
জায়ানুজীবী—বেশ্যাপতি, দরিদ্র, বকপক্ষী।
শ্রমোপজীবী—পরিশ্রম কারী।
অক্ষরজীবী —লিপিকারক, কায়স্থজাতি।
সঙ্কারজীবী —শরণাপন্ন, শরণাগত, দুরবস্থা প্রাপ্ত।

দ্যাব্যাপৃথিবী-পৃথিবী ও স্বর্গ, দেবলোক ও মর্ত্ত্যলোক।

ইবি—অন্ত। (৭) সপ্তাক্ষর।

পরভাগ্যোপজীবী-যে পরভাগ্যে জীবিকা নির্ব্বাহ করে।

উবি—অন্ত। (২) দ্ব্যক্ষর।

উবী —(দেং) উচ্চ, উন্নত, ঊর্দ্ধ্ব।

খুবি —[যাং] দেখিতে সুন্দর, সৌন্দর্য্যতা।

রুবি —(ইং) চুনি, পোখরাজ।

ভুবিঃ—[ভুবিস্] সমুদ্র, অর্ণব।

উম্বী —যবের বা গমের ভাজা মঞ্জরী।

তুম্বি —[তুম্বী] অলাবু. লাউ, কুলিক বৃক্ষ।

উর্ব্বী—ধরণী, পৃথিবী।

গুর্ব্বী —গর্ভিণী, গৌরববতী, গুরুপত্নী।

ধূর্ব্বী —রথের অগ্রভাগ, যান মুখ, বধূ।

উবি—অন্ত। (৩) ত্র্যক্ষর।

কুটুম্বী—গৃহস্থ, কুটুম্ব বিশিষ্ট।

উবি—অন্ত। (৪) চতুরক্ষর।

কুম্ভতুম্বী —অলাবু বিং, গোল লাউ।

কৃতপূর্ব্বী —যে পূর্ব্বে করিয়াছে।

রথকুটুম্বী—আফ্রিকা দেশ, গীতের তান বিং, সারথি।

এবি—অন্ত। (২) দ্ব্যক্ষর।

দেবী —স্ত্রীদেবতা, ব্রাহ্মণী, তৎউপাধি, দুর্গা, হরীতকী, পাঠা, শালপর্ণী, লিঙ্গিনী, আদিত্যভক্তা, কৃতা-

ভিষেকা স্ত্রী, দেবশক্তি, শ্যামাপাখী, নাগরমুথা, মৃগৈর্ব্বারু, রাজমহিষী, বন্ধ্যা, কর্কোটকী।

বেবী —(ধা) ইচ্ছা ক্র, গমন ক্র। [ইং] বৎস, বালক।

লেবি —[ইং] দরবার, রাজসভা।

এবি—অন্ত। (৩) ত্র্যক্ষর।

বাগ্দেবী—[গীর্দ্দেবী] সরস্বতী, বাগীশ্বরী।

এবি—অন্ত। (৪) চতুরক্ষর।

অক্ষদেবী —পাশা খেলক, দ্যূতকর।

পট্টদেবী —পাটরাণী, রাজার প্রধান মহিষী।

শ্রুতদেবী —[বিদ্যাদেবী] সরস্বতী, জৈন দেবী বিং।

উপদেবী —যে দেবীর প্রাধান্য নাই=ক্ষুদ্র দেবতা।

তীর্থসেবী —বক পক্ষী, তীর্থবাসী।

ঐবি—অন্ত। (২) দ্ব্যক্ষর।

গৈবী —(দেং) সতরঞ্চ খেলা বিং, বেনামি পত্র।

দৈবী —দৈব ঘটনা, দৈব যোগ।

শৈবী —শিবসম্বন্ধিনী, শৈববিবাহে বিবাহিতা স্ত্রী।

ঔবি—অন্ত। (২) দ্ব্যক্ষর।

মৌর্ব্বী —ধনুকের ছিলা, ধনুর্গুণ।

ব্রু। (১) একাক্ষর।

ব্রু—(ধা) কথন-ব্রুবাণ, অব্রুবাণ।

অবু—অন্ত। (২) দ্ব্যক্ষর।

তবু —(দেং) তথাপি, তদ্রূপ, হইলেও, তত্রাচ।

অম্বু—জল, ঔষধি বিং, বালা।

কম্বু—[কম্বূ] শামূক, বলয়, অঙ্গুরীয়, হস্তী, গল প্রদেশ, শঙ্খ, ফাঁপা হাড়, কর্ব্বুর বর্ণ, নানাবর্ণ।

জম্বু—[জম্বূ] জামগাছ, জম্বুদ্বীপ, জাম, নদী বিং।

শম্বু—[শম্বূ] দৈত্য বিং, শামূক, গজকুম্ভের অগ্রভাগ।

অবু—অন্ত। (৩) ত্র্যক্ষর।

ভূজম্বু—গোধূম, বঁইচ, বিকঙ্কত ফল, ভুঁইজাম।

অবু—অন্ত। (৪) চতুরক্ষর।

রাজজম্বু—গোলাপ জাম, খর্জ্জুর বিং।

আবু—অন্ত। (২) দ্ব্যক্ষর।

কাবু—(দেং) বেদনা পাওয়া, কবুতরের খোপ, কায়দা।

ঝাবু—[ঝাবূ] ঝাউ গাছ।

ডাবু—[দেং] ডাবরী, কলসী, গাগরী, হাতা বিং।

বাবু—(দেং) উপাধি, সুখভোগী, বিলাসী।

লাবু—[লাবূ] তুম্বী, লাউ, অলাবু। (যাং) কদু।

সাবু—(দেং) রোগীর পথ্য বিং।

তাম্বু—[তাঁবু] বস্ত্রগৃহ, শিবির।

আবু—অন্ত। (৩) ত্র্যক্ষর।

অলাবু—[অলাবূ, আলাবু] তুম্বী, লাউ। (যাং) কদু।

প্রিয়াম্বু—আম্রফল, স্নিগ্ধ জল, আমগাছ।

জ্যেষ্ঠাম্বু—তণ্ডুলাম্বু, চেলুনী জল।

নেত্রাম্বু—অশ্রু, নেত্র জল।

আবু—অন্ত। (৪) চতুরক্ষর।

লবণাম্বু —লোণা জল।

মলিনাম্বু —কাল সমল জল, মসী।

তণ্ডুলাম্বু —চেলুনী জল, তণ্ডুলোদক।

ইবু—অন্ত। (২) দ্ব্যক্ষর।

চিবু —চর্ব্বিতাবশিষ্ট, থুঁতি, দাড়ি, ওষ্ঠাধোভাগ।

নিম্বু —জম্বীর, নারাঙ্গী লেবু।

বিম্বু —গুবাক, গুয়া, সুপারী, পূগ।

ইবু—অন্ত। (৪) চতুরক্ষর।

রুরুদিবু—রোদন করিতে অভিলাষী।

উবু—অন্ত। (২) দ্ব্যক্ষর।

উবু —(দেং) উচ্চ, উন্নত, উর্দ্ধ্ব।

ডুবু —(দেং) নিমজ্জিত, তলান।

বুবু —(যাং) ভগ্নী, বোন।

রুবু —এরণ্ড বৃক্ষ, ভেরেণ্ডা গাছ।

উবু—অন্ত। (৪) চতুরক্ষর।

হাবুডুবু—(দেং) জলে মগ্নোপক্রম, জলোত্থান চেষ্টা।

এবু—অন্ত। (২) দ্ব্যক্ষর।

নেবু—[লেবু] জম্বীর।

বেম্বু—(ইং) বাঁশ গাছ, বাঁশ।

বে। (১) একাক্ষর।

বে —(দেং) কটূক্তিসূচক সম্বোধন। (যাং) বহির্ভূত

ব্যতীত। (ধা) বুনা-পোতা। (ইং) কুকুরের ডাক

ব্যে —=(ধা) আবরণ-ব্যোগ।

ব্রে —(ইং) গাধার ডাক।

অবে—অন্ত। (২) দ্ব্যক্ষর।

কবে —(দেং) কখন, কোন সময়ে, কোন দিনে।

যবে —(দেং) যেকালে, যে দিনে।

তবে —(দেং) তদা, পরে, সেই জন্য।

আবে—অন্ত। (২) দ্ব্যক্ষর।

তাবে —(যাং) অধীন, বাধ্য।

বৈ। (১) একাক্ষর।

বৈ —পাদপূরণ, অনুনয়, সম্বোধন [দেং] পুস্তক, ব্যতীত

বো—অন্ত।

বো —[ইং] ধনুক, ধনু।

বিউবো-[ইং] বাগী, ফোড়া।

রেয়ণ-বো—[ইং] রামধনু।

এলবো-[ইং] কনুই।

বৌ। (১) একাক্ষর।

বৌ —[দেং] বধূ, স্নুষা, পুত্রবধূ।

ভ। (১) একাক্ষর।

ভ —নভঃ, গগণ, মহাবাহু, বিভাগুক, প্রাণাত্মা, দ্বিরণ্ড, অলঙ্কার, মূল, তাপিনী, সুধাসেন, বজ্রা, বিশ্বরূপী, চন্দ্রিকা, ভীমসেন, সুখ, ভূমি, পয়, ভ্রমর, রাশি, শুক্রগ্রহ, মায়া পুর, হর, ক্লিন্না, ভীম, বিশ্বমূর্ত্তি, নিশাভব, যজ্ঞসূত্র বাচক, নক্ষত্র, ভ্রমণাদীপ্তি, বয়ো, নাভি, ভদ্র ইত্যাদি বুঝায়। ভ্রমর, ভ্রান্তি।

অভ—অন্ত। (২) দ্ব্যক্ষর।

অভ্ —(ধা) শব্দকরা–অম্ভঃ।

জভ্ —(ধা) জৃম্ভন, হাইতোলা।

যভ্ —[জনভ্] (ধা) স্ত্রীসঙ্গ-যব্ধ, যাভ।

ডভ্ —(ইং) ঘুঘু, ঘুঘুপাখী।

স্তভ্ —(ধা) জড়ীভাব-স্তম্ভন, স্তব্ধ, স্তম্ভিত।

দভ্ —(ধা) প্রেরণ করা-দাভল, দাভিন্ত।

রভ্ —(ধা) উৎসুকী ভাব-রভস্, আরম্ভণ, আরম্ভ।

লভ্ —(ইং) প্রেম। (ধা) প্রাপ্তি-লাভ, লব্ধি, উপলব্ধি।

জন্ভ্—(ধা) নষ্টকরা, বধকরা।

রন্ভ্—(ধা) শব্দকরা।

নর্ভ্—(ইং) স্নায়ু।

স্তভ —ছাগ, অজা।

নভ —(নভঃ) গগণ, আকাশ, শ্রাবণ মাস।

কহ্ব —ক্রৌঞ্চ, বক।

যজ্ব --যজমান, যাজ্ঞিক।

লভ্য —প্রাপ্ত, লাভ যোগ্য, ন্যায্য, উপযুক্ত।

সভ্য —সামাজিক, সভাসদ্, সাধু, সজ্জন, সদবংশ জাত, সভিক, বিশ্বস্ত, সভাসম্বন্ধীয়, বিজ্ঞ, দ্যূতকর।

অভ্র -(অভ্র্)আকাশ, মেঘ, স্বর্ণ, বেতগাছ, ধাতু বিং, কর্পূর

দভ্র —স্বল্প, অল্প, সমুদ্র, জলধি।

শ্বভ্র —রন্ধ্র, বিল, ছিদ্র।

নভঃ —গগণ, স্বর্গ, আকাশ, অন্তঃরীক্ষ।

রভঃ —হর্ষ, বেগ, তীব্রতা, মান, শোক, গবেষণা।

জম্ভ —দৈত্য বিং, ভক্ষণ, দন্ত, তূণ, অংশ, গাল, লেবু, হনু।

স্তম্ভ —খুঁটী, স্থির, রোধ, অজ্ঞান অবস্থা, চেষ্টারোধ।

দম্ভ —গর্ব্ব, অহঙ্কার, শঠতা, পাপ, প্রতারণা।

বম্ভ —বংশ, বাঁশ।

ভম্ভ —ধূম, ধূঁয়া, মক্ষিকা, মাছি।

রম্ভ —বেণু, বংশ, বাঁশ, বানর বিং, রম্ভাসুর।

শম্ভ —কল্যাণ যুক্ত, বজ্র, শড়কির ফলা।

অর্ভ —শিশু, ছাত্র, শিশির, শাক সব্জি, ঔজ্জ্বল্য হীন।

গর্ভ --(গর্ত্ত) কুক্ষি, অভ্যন্তর, অন্তর, ভ্রূণ, অন্তঃপুর, নদীকুল, সন্ধি, পনস কণ্টক, সুতিকা গৃহ, অগ্নি, অন্ন, পুত্র। (দেং) পেট, অন্তঃরাপত্য।

দর্ভ —কুশ-কাশ-বল্বজ-তীক্ষ্ণরোমশ-মৌঞ্জ-শাদ্বল=৬তৃণ

দল্ভ —প্রতারণা, পাপ, ভেদ, চক্র, চাকা, মুনি বিং।

অভ—অন্ত। (৩) ত্র্যক্ষর।

দনভ্ —(ধা) দম্ভ করা।

গলভ্ —(ধা) প্রগল্ভ হওয়া।

কুকভ —মদ্য, মদ।

কৈটভ —অসুর বিং।

মৈত্রভ —অনুরাধা নক্ষত্র।

অন্ত্যভ—রেবতী নক্ষত্র, মীনরাশি, শেষ নক্ষত্র।

গর্দ্দভ —গাধা, রাসভ, শ্বেত কুমুদ, বিড়ঙ্গ।

সুপ্রভ —সুন্দর, প্রভাবিশিষ্ট।

নিষ্প্রভ—প্রভা রহিত, নিস্তেজ, হীনপ্রভ, অস্বচ্ছ।

করভ —মণিবন্ধ হইতে কনিষ্ঠাঙ্গুলী পর্য্যন্ত কর বহির্ভাগ, হস্তী-উষ্ট্রশাবক, উষ্ট্র, খচ্চর, নখী গন্ধদ্রব্য

গরভ —গর্ভ, পেট, উদর।

শরভ —অষ্টাপদমৃগ, উট, করিশাবক, করভ, বানর, পতঙ্গ

সৌরভ—সুগন্ধ, সৌন্দর্য্য, কুঙ্কুম, কুক্কুর বিং।

দুড়ভ —হতভাগ্য, কষ্টে পতিত, ব্যসনপ্রাপ্ত।

কলভ —উষ্ট্র শাবক, ধুস্তূর বৃক্ষ, দুর্দ্দান্ত, হস্তী শাবক

শলভ —পতঙ্গ, ফড়িঙ্গ, পঙ্গপাল।

সুলভ —অনায়াস লভ্য, অযত্ন সিদ্ধ।

বল্লভ —প্রিয়, দয়িত, প্রণয়ী, পতি, অধ্যক্ষ, বন্ধু, অশ্ব বিং

দুর্লভ —[দুর্লভা] উৎকৃষ্ট, দুষ্প্রাপ্য, বহুমূল্য, প্রিয়, কচ্ছুর

প্রসভ —অকস্মাৎ, হঠাৎ, বলাৎকার।

বৃষভ —ষাঁড়, বলীবর্দ্দ, উক্ষ, বৃষ শ্রেষ্ঠ।
রাসভ —গর্দ্দভ, গাধা, খর।
ঋষভ —শ্রেষ্ঠ বৃষ, শুক্লতা বিং, কুম্ভীরের ও শূকরের পুচ্ছ, পর্ব্বত বিং, ঔষধ বিং, কর্ণ কুহর, পুঙ্গব
লুষভ —মত্ত হস্তী, মদস্রাবী গজ।
সৌরভ্য—সুগন্ধ, সৌন্দর্য্য, কুঙ্কুম, কুক্কুর বিং, কুবের।
দালভ্য—মুনি বিং।
অসভ্য —সভ্য নহে, খল, দুর্ব্বিনীত, অসামাজিক।
অদভ্র —প্রচুর, অধিক, বহু।
উরভ্র —মেষ, মেড়া।
ঔরভ্র —কম্বল, মেষ-লোম নির্ম্মিত আসন, গালিচা, দুলিচা, মেষ সমূহ, মেষ সংক্রান্ত।
বিষ্কম্ভ —প্রথম যোগ, বাধা, বিস্তার, নাটকের অঙ্গ বিং, হুড়কা, অর্গল, যোগীদিগের আসন বন্ধ বিং।
বিস্রম্ভ —বিশ্বাস, প্রত্যয়, পরিচয়, প্রণয়, নির্ভয়।
অজম্ভ —দন্তশূন্য, অদন্ত, দর্দ্দুর, ভেক, বেঙ্, মণ্ডূক।
উত্তম্ভ —স্তম্ভীভাব, নিবৃত্তি।
সংস্তম্ভ —দৃঢ়ীকরণ, নিবারণ, স্থিরীকরণ, থামান।
আরম্ভ —[প্রারম্ভ] উদ্যোগ, উপক্রম, ব্যাপার, কার্য্য, যত্ন, উপায়, ত্বরা, গর্ব্ব, উৎপত্তি, যোগ, হিংসা।
করম্ভ —দধিমিশ্রিত শক্তু।
সংরম্ভ —ক্রোধ, বেগ, আক্রোশ, গর্ব্ব, উৎসাহ, সম্ভ্রম।

আলম্ভ —মারণ, হিংসা, বধ, স্পর্শ।

বিলম্ভ —অতিদান, অতি সজ্জন, বিতরণ।

শ্রীগর্ভ —বিষ্ণু, খড়্গ।

দ্বিগর্ভ —যাহার সন্তান ধারণার্থ দুই পেট=কঙ্গারু।

ভূগর্ভ —মালতীমাধবাদি নাটকপ্রণেতা=কবি ভবভূতি ভূমির অভ্যন্তর ভাগ, ভূমধ্য।

সগর্ভ —সোদর, সহোদর, গর্ভযুক্ত।

বিদর্ভ —বিরার দেশ, বড় নাগপুর।

বৈদর্ভ —বাক্‌চাতুর্য্য, বিদর্ভরাজ, তদ্দেশজাত, দন্তশূল।

সন্দর্ভ —গ্রন্থ, প্রবন্ধ, পরম্পরান্বিত রচনা, সংগ্রহ, বিস্তার

প্রগল্‌ভ—উদ্ধত, প্রত্যুৎপন্নমতিত্ব, নির্লজ্জ, সাহসী, অহঙ্কৃত, অক্ষুব্ধ, সমর্থ, দাম্ভিক, বলবান্, শ্রেষ্ঠ।

প্রাগল্‌ভ্য—ঔদ্ধত্য, ব্যাপকতা, স্ত্রীলোকের অযত্ন ভাব বিং

অভ—অন্ত। (৪) চতুরক্ষর।

চন্দ্রপ্রভ —অষ্টম জিন।

তমঃপ্রভ —নরক বিং।

শশিপ্রভ —কুমুদ, মুক্তা।

সুদুর্লভ —যাহা পাওয়া যায় না=অপ্রাপ্য।

রক্ষঃসভ —রাক্ষস সমূহ।

নৃপসভ —রাজ সভা।

লেখর্ষভ —ইন্দ্র, শক্র, দেবরাজ।

উপলভ্য —জ্ঞেয়, প্রাপ্য, সাধ্য।

দেবসভ্য —যে প্রায়ই সভাতে গমন করে=সভিক।

পরিসভ্য —সভাসদ্, সভাস্থ লোক।

তৃণজম্ভ —তৃণভক্ষক, হরিদ্বর্ণ দন্তবিশিষ্ট।

প্রতিষ্টম্ভ —প্রতিবন্ধ, বাধা, রোধ.কার্য্যপ্রতিঘাতক।

উপষ্টম্ভ —আধিক্য, উপক্রম, আরম্ভ, উদ্রেক, স্তম্ভ, স্তম্ভন, উপলক্ষ, নিমিত্ত, প্রয়োজন।

অবষ্টম্ভ —আশ্রয়, অহঙ্কার, আরম্ভ, সূচনা উৎকর্ষ, স্বর্ণ, থাম, স্থিরতা, খাড়া হইয়া থাকা,রুদ্ধ

কীর্ত্তিস্তম্ভ —কীর্ত্তি রক্ষার্থ নির্ম্মিত স্তম্ভাদি।

ধনুস্তম্ভ —রোগ জনিত মাংস কাঠিন্য,ধান্য সঞ্চয়।

উপস্তম্ভ —যদ্দ্বারা জীবন রক্ষা হয়=আহার-নিদ্রাদি।

উরুস্তম্ভ —উরুস্ফোটক, উরু অবশ রোগ।

জলস্তম্ভ —স্তম্ভাকারে পতিত বা উত্তোলিত জলরাশি

লয়ারম্ভ —(লয়ালম্ভ) নট, নর্ত্তক।

প্রত্যারম্ভ —পুনরারম্ভ, পুনঃ সূচনা।

পরিরম্ভ —[পরীরম্ভ] আলিঙ্গন।

মহারম্ভ —গড় লবণ, লবণ বিং।

প্রতিলম্ভ —প্রাপ্তি, লাভ।

উপলম্ভ —উপলব্ধি, অনুভব, তিরস্কার, স্তব।

উপালম্ভ —তিরস্কার, দুর্ব্বাক্য, বিলম্ব করণ।

বিপ্রলম্ভ —বঞ্চনা, বিবাদ, বিরহ, কলহ, বিয়োগ, শৃঙ্গারাঙ্গ-শৃঙ্গাররস বিং যথা-(রসমঞ্জরী)

শৃঙ্গারের দুই ভেদ শুনহ প্রয়োগ।
প্রথমতঃ বিপ্রলম্ভ দ্বিতীয় সম্ভোগ ॥
বিপ্রলম্ভ চারিমত শুনহ প্রকাশ।
পুর্ব্বরাগ মান প্রেম বৈচিত্র্য প্রবাস ॥

সুপ্রলম্ভ —যাহা অনায়াসে পাওয়া যাইতে পারে।
সমালম্ভ —কুঙ্কুমাদি বিলেপন, মারণ, বধ, হনন।
উপলম্ভ্য —স্তুত্য, স্তবোপযুক্ত, স্তবার্হ।
নাগগর্ভ —সিন্দূর।
ভূতিগর্ভ —ভবভূতি।
নদীগর্ভ —নদীর গর্ভ, দুই তীরের মধ্যবর্ত্তী স্থান।
পদ্মগর্ভ —বিষ্ণু, পদ্মতুল্য নাভিশালী, ভাবীজিন বিং।
শূন্যগর্ভ —যাহার ভিতর খালি=ফাঁপা।
রত্নগর্ভ —যক্ষরাজ, কুবের, সমুদ্র, রত্নাকর।
পৃশ্নিগর্ভ —(বৃষ্ণিগর্ভ, সামগর্ভ, সোমগর্ভ) শ্রীকৃষ্ণ।
শমীগর্ভ —ব্রাহ্মণ, পাবক, জ্বলন, হুতভুক্, জাতবেদাঃ, অগ্নি
তাম্রগর্ভ—তুঁতিয়া, তুঁতে, তুত্থ।
চারুগর্ভ—শ্রীকৃষ্ণের পুত্র।
মূঢ়গর্ভ —মৃতভ্রূণ, অলক্ষণ সন্তানের জন্ম, মৃত গর্ভস্থ শিশু
রসগর্ভ —রসাঞ্জন, হিঙ্গুল।
হ্রস্বগর্ভ —কুশ তৃণ।
বহ্নিগর্ভ—ঘর্ষণ দ্বারা অগ্ন্যুৎপন্ন হয় বলিয়া=বেণু,
বাঁশ, কীচক, বংশ।

বেদগর্ভ —ব্রহ্মা, প্রজাপতি, ব্রাহ্মণ।

অগ্নিগর্ভ —সূর্য্যকান্ত মণি, আতসী পাথর, অগ্নিজার বৃক্ষ, যাহার ভিতরে অগ্নি আছে।

অপ্রাগল্‌ভ--শান্ত, বিনীত, সরল, শিষ্ট, শঠতা শূন্য।

অভ—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

জালগর্দ্দভ —রোগ বিং, পুরাতন ঘা, ক্ষত প্রভৃতি।

দ্যোতিতপ্রভ-উজ্জ্বল, প্রভাবিশিষ্ট, দেদীপ্যমান।

পিষ্টসৌরভ—চন্দন।

অতিসৌরভ--আমগাছ, সুবাসিত, অতিশয় গন্ধবিশিষ্ট।

পিকবল্লভ — আম্রতরু, আঁবগাছ।

মুখবল্লভ —দাড়িম্ব, দালিম গাছ, মুখপ্রিয়।

ব্রজবল্লভ —[রাধাবল্লভ] শ্রীকৃষ্ণ, নন্দনন্দন, গোপাল।

ধাতুবল্লভ —সোহাগা।

জনবল্লভ —দয়ালু, শ্বেতরোহিত বৃক্ষ, সর্ব্বপ্রিয়।

অগ্নিবল্লভ —যক্ষধূপ, ধূনা, অন্তঃপুর, শালবৃক্ষ, বায়ু।

দেববল্লভ —পুন্নাগ বৃক্ষ।

শম্ভুবল্লভ —শ্বেত কমল, শুক্ল পদ্ম।

স্মরবল্লভ —অনিরুদ্ধ, প্রদ্যুম্নের পুত্র।

হরিবল্লভ —কদম্বতরু, শিব, বাতুল, বর্ম্ম, কৃষ্ণচন্দন।

দণ্ডবিষ্কম্ভ —ঘোল মওয়া যষ্টি, দধিমন্থন স্তম্ভ।

সমাধিস্তম্ভ —ভূগর্ভনিহিত শবোপরি নির্ম্মিত স্তম্ভ।

গন্ধাকীগর্ভ —সূক্ষ্মৈলা, ছোট এলাচি।

হিরণ্যগর্ভ —ব্রহ্মা, শিলা বিং।

অভ—অন্ত। (৬) ষড়ক্ষর।

অম্ভোধিবল্লভ—প্রবাল, পলা।

পদ্মিনীবল্লভ —ভ্রমর, সূর্য্য।

বারুণীবল্লভ —বরুণ, পাশী, পাশহস্ত, জলাধিপতি।

রোহিণীবল্লভ —চন্দ্র, বাসুদেব।

অভ্রমুবল্লভ —পূর্ব্বদিক্-ইন্দ্রের ঐরাবত হস্তী।

উর্ব্বশীবল্লভ —ঐল রাজা, পুরূরবাঃ।

অভ—অন্ত। (৭) সপ্তাক্ষর।

করুণবিপ্রলম্ভ —শৃঙ্গার রস বিং।

আভ—অন্ত। (২) দ্ব্যক্ষর।

যাভ —জৃম্ভণ, মৈথুন, রতিক্রীড়া।

লাভ —প্রাপ্তি, পাওয়া, উপার্জ্জন, উপস্বত্ব।

নাভ্য—নাভি সম্বন্ধীয়।

রাম্ভ —ব্রতের জন্য গৃহীত বেণু যষ্টি।

আভ—অন্ত। (৩) ত্র্যক্ষর।

অ্যাবাভ-(ইং) উপরে।

শীতাভ—[সিতাভ] চন্দ্র, কর্পূর, শ্বেতবর্ণ, সাদা।

মুস্তাভ —মুস্তক বিং, নাগর মুথা।

সুনাভ —হিমালয়ের পুত্র-মৈনাক পর্ব্বত।

ধূম্রাভ —ধূম্র বর্ণ, ধূম সদৃশ।

ব্যোমাভ-বুদ্ধদেব।

তাম্রাভ—রক্ত চন্দন, লাল চন্দন।
ধূম্রাভ—নীল লোহিত বর্ণ, বায়ু।
চিল্লাভ—সামান্য চোর, হাতছেঁচড়, ছিঁচ্কে চোর।
শক্রাহ্ব—ইন্দ্রযব, ইন্দ্রনামক।
নাগাহ্ব—(গজাহ্ব) হস্তিনাপুর, দিল্লী।
গুচ্ছাহ্ব—গুলঞ্চ।
সূর্য্যাহ্ব—তাম্র, তাঁবা, আকন্দ গাছ।
গদাহ্ব—কুষ্ঠ, কুড়।
মদাহ্ব—মৃগনাভি, কস্তূরী।
মধ্যাহ্ন—কপিত্থ।
শিলাহ্ব—শৈলেয়, শিলাজতু।
রসাহ্ব—টারপিন তৈল, রজন, সালগাছ, সর্জ্জরস।
পিণ্ডাভ্র—ঘনোপল, শিলা, করকা।
শীতাভ্র—(সিতাভ্র, তারাভ্র) চন্দ্র, কর্পূর।
সন্ধ্যাভ্র—গিরি মৃত্তিকা, গেরিমাটী।
ব্রহ্মাম্ভঃ—গোমূত্র, গোরুর চনা।

আভ—অম্ভ। (৪) চতুরক্ষর।

তালকাভ—হরিত বর্ণ।
জলদাভ—মেঘের ন্যায় বর্ণ বিশিষ্ট, কৃষ্ণবর্ণ, অন্ধকার।
হরিদ্রাভ—পীতবর্ণ, হল্দে।
তন্তুনাভ—মাকড়সা।
পদ্মনাভ—বিষ্ণু, নারায়ণ।

কণনাভ —জলের আবর্ত্ত, জলের ঘূর্ণন।
ঊর্ণনাভ —(ঊর্ণনাভ) লূতা, মাকড়সা।
বৎসনাভ—স্থাবর বিষ বিং।
আত্মলাভ—নিজের লাভ, উৎপত্তি, জ্ঞান, বিবেক।
অর্থলাভ —ধনপ্রাপ্তি, টাকা সংগ্রহ বা রোজগার।
কনকাহ্ব —ধুস্তূর বৃক্ষ, নাগকেশর গাছ।
পুষ্করাহ্ব—সারস পক্ষী।
নখরাহ্ব —করবীর বৃক্ষ, করবি ফুলের গাছ।
অসুরাহ্ব—কাংস্য, কাঁসা।
স্ফটিকাভ—কর্পূর।
করকাম্ভঃ—নারিকেল বৃক্ষ, বিশ্বামিত্র ফল।

ইভ—অন্ত। (২) দ্ব্যক্ষর।

ছিভ্ —(ইং) চালনী।
জৃভ্ —(ধা) গাত্র শৈথিল্য করা, হাইতোলা, জৃম্ভণ।
দৃভ্ —(ধা) ভীত হ-দর্ভণ, দৃব্ধ।
গিভ্ —(ইং) বাস করা, ত্যাগ করা, বাঁচা।
শ্লীভ্ —(ইং) আস্তিন।
শীভ্ —(ধা) প্রশংসা-শীভন, শীভিত।
ইভ —হস্তী, গজ। (ইং) সন্ধ্যা।
নিভ —সদৃশ, সমান, তুল্য, ব্যাজ, কপট, প্রকাশ।
ইভ্য —ধনী, ধনশালী।
শীভ্য—শিব, বৃষ।

জিহ্ব—তগর বৃক্ষ, জিহ্বা, রসনা।
জৃম্ভ —মুখ ব্যাদন, হাই, প্রস্ফুটন, প্রকাশ।
ডিম্ভ —শিশু, মূর্খ, অজ্ঞ।

ইভ—অন্ত। (৩) ত্র্যক্ষর।

ফাইভ্ —(ইং) সংখ্যা বিং (৫)
নেটিভ্ —(ইং) জাতীয়, প্রকৃত, আসল, দেশজ।
মোটিভ্ —(ইং) মতলব।
অলিভ্ —(ইং) জলপাই।
কিটিভ —উকুণ, কেশ কীট।
টিটিভ —[টি টিভ] পক্ষী বিং।
তুণ্ডিভ —(তুন্দিভ) বৃহৎ নাভিমুক্ত, স্থুলোদর,ভুঁড়ো।
তিতিভ—ইন্দ্রগোপ কীট, টাক পোকা।
সন্নিভ —সদৃশ, তুল্য, সঙ্কাশ, একরূপ, সবিধ।
অগ্নিভ —স্বর্ণ, অগ্নিবর্ণ।
সৈরিভ—মহিষ, স্বর্গ।
বলিভ —বলিযুক্ত, বলিন।
অজিহ্ব—যাহার জিব নাই=ভেক।
দ্বিজিহ্ব—যাহাদের দুই জিব=সর্প, দুর্জ্জন, খল, সূচক, গোয়েন্দা, তস্কর, এক মুখে দুই কথা বলা।
উজ্জৃম্ভ—বিকাশ, বিকশিত, প্রফুল্ল, প্রকাশিত।

ইভ—অন্ত। (৪) চতুরক্ষর।

টকেটিভ —(ইং) বাচাল।

রিলেটিভ্—(ইং) কুটুম্ব।
অপ্রতিভ—(নিষ্প্রতিভ) প্রতিভাশূন্য, অপ্রস্তুত, হতজ্ঞান
সুপ্রতিভ—প্রতিভান্বিত, অসাধারণ বুদ্ধি সম্পন্ন।
চন্দ্রনিভ—চন্দ্রের ন্যায় উজ্জ্বল ও মনোহর।
দীর্ঘজিহ্ব—[লতাজিহ্ব] সর্প, ভুজঙ্গ, অহি, সাপ।
রক্তজিহ্ব—রক্তবর্ণ জিহ্বা যুক্ত=সিংহ।
মন্ত্রজিহ্ব—[সপ্তজিহ্ব] অগ্নি, বহ্নি, সপ্তার্চ্চিঃ।
বিদ্যুজ্জিহ্ব—রাক্ষস বিং।
অধিজিহ্ব—জিহ্বোপরিস্থ স্ফোটক বা আঁচিল।
স্থিরজিহ্ব—মৎস্য, মীন, মাছ।
জলজিহ্ব—কুম্ভীর, নক্র।
জ্বালজিহ্ব—(জ্বালাজিহ্ব) অগ্নিশিখা যাহার জিহ্বা=অগ্নি
ললজিহ্ব—কুক্কুর, হিংস্র, উট, হিংসক।
তালুজিহ্ব—কুম্ভীর-তালু দ্বারা ইহার জিহ্বার কার্য্য হয়

ইভ—অন্ত। [৫] পঞ্চাক্ষর।

ছাকচেছিভ্—(ইং) অবিচ্ছিন্ন, ক্রমাগত।
বিলোমজিহ্ব—হস্তী, হাতী।

উভ—অন্ত। (২) দ্ব্যক্ষর।

ক্ষুভ্—(ধা) সঞ্চলন-ক্ষোভণ, ক্ষোভ, সংক্ষোপ, ক্ষুব্ধ।
স্তুভ্—(ধা) স্তব্ধ হ-স্তব্ধ, স্তোভ, স্তোভন।
লুভ্—(ধা) আকাঙ্ক্ষা-লোভ, লুভিত।
শুভ্—(ধা) দীপ্তি-শোভা, শোভিত, শোভনীয়।

ক্ষুভ্—(ধা) চঞ্চল হওয়া।
কুন্ভ্—(ধা) আচ্ছাদন করা।
উভ —(দেং) দুইজন, উভয়, উন্নত, যুগল।
শুভ —মঙ্গল,শান্তি,সুন্দর,সুখী,যোগ বিং, ক্ষেমবান্।
শুভ্র —শুক্লবর্ণ,চন্দন,রৌপ্য,উদ্দীপ্ত,অভ্রক,গড় লবণ।
কুম্ভ —ঘট, কলস, রাক্ষস বিং, উপপতি, বেশ্যার পুত্র, গুগ্‌গুল, ত্রিবৃৎ, কুম্ভ রাশি, করীকুম্ভ,কুম্ভকর্ণের পুত্র, বেশ্যাপতি, সমাধি বিং, কুম্ভক,প্রাণায়াম, নিশ্বাস অবরোধ,দ্রোণদ্বয়,৬৪ সের,সুর্প,হৃদ্রোগ
শুম্ভ —দৈত্য বিং, নিশুম্ভাসুরের জ্যেষ্ঠ ভ্রাতা।

উভ—অন্ত। (৩) ত্র্যক্ষর।

ককুভ্ —চম্পক শাখা,শোভা,দেশ,দিক, রাগিণী বিং।
নিষ্টুভ্—১১ অক্ষর ছন্দো বিং।
ককুভ —অর্জ্জুন বৃক্ষ, দিক, বীণাঙ্গ, রাগ বিং।
কুকুভ —দিক্, রাগিণী বিং।
কুক্কুভ —বন্য কুক্কুট, পক্ষী বিং।
ডুণ্ডুভ —[ডুণ্ডুভ] ঢোঁড়াসাপ।
কেতুভ—মেঘ, জলধর।
তস্তুভ —বাছুর, সর্ষপ।
কুস্তুভ —বিষ্ণু, সমুদ্র।
কৌস্তুভ—কৃষ্ণের হৃদয় ভূষণ-মণি, মুদ্রা বিং।
লোলুভ—অভিলাষী, অতিলোভী, আসক্ত।

অশুভ —অমঙ্গল, পাপ, অশিব, অমঙ্গল যুক্ত।
নিকুম্ভ —কুম্ভকর্ণ রাক্ষসের পুত্র, দন্তিকা গাছ।
নিষ্কুম্ভ —কুম্ভ শূন্য, বরুণ বৃক্ষ, দন্তী বৃক্ষ।
বিষ্কুম্ভ —প্রথম যোগ, প্রতিবন্ধ, কীলক, নাট্যাঙ্গ বিং, যোগীদিগের আসন বন্ধ বিং, বাধা।
কুসুম্ভ —কুসুম-ফুল, স্বর্ণ, কমণ্ডলু।
কৌসুম্ভ—কুসুম্ভ রঙ্গে রঞ্জিত, কুসুম্ভ।
নিশুম্ভ —শুম্ভ দৈত্যের কনিষ্ঠ ভ্রাতা, বধ, মর্দ্দন।

উভ—অন্ত। (৪) চতুরক্ষর।

অনুষ্টুভ্ —অষ্টাক্ষর ছন্দোবিং, সরস্বতীর নাম।
মহাশুভ্র —রজত, রৌপ্য।
বাতকুম্ভ —গজকুম্ভের অধোভাগ।
শতকুম্ভ —পর্ব্বত বিং, স্বর্ণ, রাক্ষস বিং।
শাতকুম্ভ —সুবর্ণ, সোণা, করবীর বৃক্ষ, ধুতুরা।
তপ্তকুম্ভ —নরক বিং, উত্তপ্ত কলস।
ভদ্রকুম্ভ —মঙ্গলার্থ পূর্ণ কুম্ভ, জলপূর্ণ ঘট।
পূর্ণকুম্ভ —(উদকুম্ভ) জলপূর্ণ কলস।
উপকুম্ভ —নিকট, সমীপ, নির্জ্জন, কুম্ভের সমীপ।
আমকুম্ভ—অদগ্ধ মৃণ্ময় কুম্ভ।
করিকুম্ভ—গন্ধচূর্ণ, হাতির মস্তক।

উভ—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

জলকুক্কুভ —জলচর বন্য পক্ষি বিং।

শান্ত্যুদকুম্ভ—শান্তি জলের কলস।
করিকুসুম্ভ—নাগকেশর বৃক্ষ।

উভ—অন্ত। (৬) ষড়ক্ষর।

অনকদুন্দুভ—বসুদেবের পিতা।

এভ—অন্ত। (৩) ত্র্যক্ষর।

ওয়েভ্—(ইং) ঢেউ, তরঙ্গ।
সুরেভ—রঙ্গ, রাং।

ঐভ—অন্ত। (২) দ্ব্যক্ষর।

জৈহ্ব্য—স্বাদামোদ, আস্বাদন জন্য তৃপ্তি।

ওভ—অন্ত। (২) দ্ব্যক্ষর।

ক্ষোভ—বাধা, ধর্ষণ, চাঞ্চল্য, চলন, বিলোড়ন, আঘাত, দুঃখ
স্তোভ—স্তম্ভন, বাধা দেওয়া, সামবেদের বিচ্ছেদ, অগৌরব, গ্লানি, নিরর্থক শব্দ। (দেং) প্রবোধ।
লোভ—লিপ্সা, আকাঙ্ক্ষা, পর দ্রব্য গ্রহণে অভিলাষ।
লোভ্য—বাঞ্ছনীয়, লোভনীয়, মুদ্গ, মুগ।

ওভ—অন্ত। (৩) ত্র্যক্ষর।

অক্ষোভ—ক্ষোভরহিত, হস্তিবন্ধন স্তম্ভ, আলান, শঙ্কু।
বিক্ষোভ—[সংক্ষোভ, সঙ্ক্ষোভ] চাঞ্চল্য, ভয়, ঔৎকণ্ঠ, ক্ষোভ, দুঃখ, বিদারণ, সংঘটন, কম্প।
প্রলোভ—অতি লোভ, লালসা, লাভেচ্ছা, বাঞ্ছা।
বিলোভ—অতিশয় লোলুপতা, বিশেষরূপে লোভী।
অক্ষোভ্য—অবিচলনীয়, তারার মস্তকস্থিত সর্পবিং, অধ্যয়

ঔভ—অন্ত। (২) দ্ব্যক্ষর।

শৌভ—[সৌভ]দেবতা,সুপারিগাছ,হরিশ্চন্দ্ররাজারপুরী

শৌভ্র—শুভ্র সম্বন্ধীয়, শুভ্রার অপত্য।

ভা। (১) একাক্ষর।

ভা —[ভাঃ] প্রভা, কিরণ, শোভা, সূর্য্য, প্রতিবিম্ব।
(ধা) দীপ্তি-ভা, প্রভা, প্রতিভা, ভাল, সভা।

অভা—অন্ত। (২) দ্ব্যক্ষর।

প্রভা —দীপ্তি, তেজঃ, প্রকাশ, সূর্য্যপত্নী, গোপী বিং, দুর্গা, কুবেরের পুরী, দ্যুতি।

সভা —সমাজ, পরিষদ, জনতা, সভ্য,গৃহ, সমূহ।

নভাঃ—ঘ্রাণ, মেঘ, শ্রাবণ মাস, পিকদান।

রম্ভা —কদলী, অপ্সরা বিং, দেবী বিং, বেশ্যা,গোশব্দ

হম্ভা —গোধ্বনি, গোরুর শব্দ।

অভা—অন্ত। (৩) ত্র্যক্ষর।

আলম্ভ্যা—বধার্হা, বধ্যা, বধযোগ্যা, হননীয়।

প্রগল্ভা—ব্যাপকতা, নায়িকা বিং, যথা-(রসমঞ্জরী)

প্রগল্ভা সে রতি রসে পূর্ণ আশা যার।
রতি, প্রীতি, আনন্দেতে মোহ হয় তার॥

অভা—অন্ত। (৪) চতুরক্ষর।

পঙ্কপ্রভা —কর্দ্দম যুক্ত নরক বিং।

ক্ষণপ্রভা —যাহার ক্ষণকাল প্রভা-বিদ্যুৎ, তড়িৎ।

ধূমপ্রভা —ধূমান্ধকার নরক।

দুরালভা —যাহা দুঃখে স্পর্শ করা যায়=কণ্টকময় তরু

নৃপসভা —(রাজসভা)রাজকার্য্য স্থান, নৃপতিসমাজ।

ধর্ম্মসভা —ধর্ম্মপরিপোষকব্যক্তিগণের সমাবেশন স্থান

ঊরুস্তম্ভা —যে ঊরুর উপমাভূত স্তম্ভ=কদলী বৃক্ষ।

দারুগর্ভা —কাষ্ঠ পুত্তলী।

ইক্ষুদর্ভা —তৃণ বিং, বংশ মূল।

অভা—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

অলকপ্রভা —কুবেরের রাজধানী।

বালুকাপ্রভা—নরক বিং।

অচিরপ্রভা —ক্ষণপ্রভা, বিদ্যুৎ, তড়িৎ।

গজবল্লভা —গিরি কদলী।

ঘুণবল্লভা —অতিবিষা।

বিষ্ণুবল্লভা —কমলা, পদ্মা, পদ্মালয়া, রমা, তুলসী।

সর্ব্ববল্লভা —অসতী, কুলটা, ব্যভিচারিণী।

গুরুবল্লভা —গুরুপত্নী।

কনকরম্ভা —স্বর্ণ কদলী।

শঙ্কিতগর্ব্ভা —যে স্ত্রীর গর্ভ অনুমান হয়=অজ্ঞাতগর্ব্ভা।

অভা—অন্ত। (৬) ষড়ক্ষর।

মহাতমঃপ্রভা—নরকের নিম্নভাগ, নরক বিং।

বারণবল্লভা —কদলী বৃক্ষ, কলা গাছ।

আভা—অন্ত। (২) দ্ব্যক্ষর।

আভা—শোভা, কান্তি, দীপ্তি, সাদৃশ্য, বাত রোগ বিং।

আহ্বা—সংজ্ঞা, আখ্যা, নাম।

আভা—অন্ত। (৩) ত্র্যক্ষর।

গোয়াভা—(ইং) পেয়ারা।

ছটাভা —বিদ্যুৎ, তড়িৎ। (দেং) খাড়া ঝিলকি।

শতাহ্বা —শতাবরী লতা, শতপুষ্পা, শুলফা শাক।

নিশাহ্বা—হরিদ্রা, হলুদ।

আভা—অন্ত। (৪) চতুরক্ষর।

অচিরাভা — বিদ্যুৎ, সৌদামিনী, চপলা।

শকটাহ্বা —রোহিণী নক্ষত্র।

কর্কটাহ্বা—কাঁকড়াশৃঙ্গী, ঔষধি বিং, বেল গাছ

বায়সাহ্বা—কাকমাচী বৃক্ষ।

ইভা—অন্ত। (২) দ্ব্যক্ষর।

বিভা —আলোক, শোভা, দীপ্তি। (দেং) বিবাহ।

জৃম্ভা —মুখব্যাদন, হাই, প্রস্ফুটন, প্রকাশ।

জিহ্বা —রসনা, জিব।

ইভা—অন্ত। (৩) ত্র্যক্ষর।

প্রতিভা —অসাধারণ বুদ্ধি শক্তি, প্রত্যুৎপন্নমতি, বুদ্ধি, প্রভা, তেজঃ, প্রভাব, সাদৃশ্য, প্রাগল্‌ভ।

গোজিহ্বা—বৃক্ষ বিং, গরুর জিহ্বা।

ইভা—অন্ত। (৪) চতুরক্ষর।

স্যালাইভা —(ইং) লালা।

সুপ্রতিভা —মদিরা, মদ্য, উজ্জ্বল বুদ্ধি।

শুকজিহ্বা —বৃক্ষ বিং, শুয়াঠোঁটী।
নাগজিহ্বা —অনন্ত মূল।
প্রতিজিহ্বা—তালু মূলস্থ ক্ষুদ্র জিহ্বা, আল্‌জিব।
দীপ্তজিহ্বা —উল্কামুখী, খ্যাঁক্‌ শিয়ালী।
অগ্নিজিহ্বা —অগ্নিশিখা, লাঙ্গলী বৃক্ষ।
উপজিহ্বা —আল্‌জিব, কীট বিং, জিহ্বার বৃদ্ধি।
ব্যালজিহ্বা —সমদ্ধালতা, বড় খদির, খদির।
অলিজিহ্বা —আল্‌জিব।

উভা—অন্ত। (২) দ্ব্যক্ষর।

শুভা —শোভা, শ্বেতদূর্ব্বা, ইচ্ছা, দুর্গার সখী বিং, দেবসভা।
রুহ্বা —দ্রুম, বৃক্ষ, গাছ।

উভা—অন্ত। (৩) ত্র্যক্ষর।

কুকুভা —রাগিণী বিং।
মৃত্যুভা—রোগ, পীড়া।
অণুভা —বিদ্যুৎ, চপলা, ক্ষণপ্রভা, তড়িৎ।

উভা—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

সর্ব্বতঃশুভা—প্রিয়ঙ্গু বৃক্ষ।

ওভা—অন্ত। (২) দ্ব্যক্ষর।

লোভা—(দেং) লোলুপ, ইচ্ছুক।
শোভা—স্ফূর্ত্তি, সৌন্দর্য্য, হরিদ্রা, গোরোচনা, গোপী বিং

ওভা—অন্ত। (৩) ত্র্যক্ষর।

মনোহবা—মনঃশিলা, ধাতু বিং।

ওভা—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

আহার্য্যশোভা—কৃত্রিম শোভা।

ভি। (১) একাক্ষর।

ভী —(ধা) শঙ্কা-ভয়া,ভয়,ভীতি, বিভীষণ, ভেক,অভীরু

ভৃ —(ধা) ধারণ, পোষণ-ভরণ, ভরণ্য।

হ্বৃ —(ধা) কম্পন,চলন-বিহ্বল,হ্বলন,কুটিল হ-হ্বৃত,গহ্বর

অভি—অন্ত। (২) দ্ব্যক্ষর।

অভি —উপসর্গ,সাদৃশ্য,নিকট,অভিলাষ,আভিমুখ্য,বীপ্সা,
বিভিন্নতা,একীকরণ,বিশেষত্ব,সমন্তাৎ,চিহ্ন,ধর্ষণ

অভী —নির্ভয়, ভয় রহিত, নিঃশঙ্ক।

নভি —চক্র, চাকা।

অভ্রি —মল বা নৌকাপরিস্কারক কাষ্ঠাদি,পরিস্কারক।

জম্ভী —জম্বীর লেবু।

দল্ভি—ইন্দ্র, অশনি, বজ্র, কুলিশ।

অভি—অন্ত। (৩) ত্র্যক্ষর।

অপভী —নির্ভীক, সাহসী।

সুরভী —সুগন্ধ, কামধেনু, গাভী, পৃথিবী, তুলসী, চৈত্র
মাস, জাতি ফল, কদম্ব বৃক্ষ, মনোহরা, মিত্র,
বিজ্ঞ,খ্যাত, বিদ্বান্, ধার্ম্মিক,চম্পক বৃক্ষ, স্বর্ণ,
বসন্ত কাল, বকুল বৃক্ষ, গন্ধক, গাছড়া বিং,
মুরা, সুরা, মাতৃকা বিং, মল্লিকা।

বড়ভি —[বড়ভী] গৃহের পাইড় প্রভৃতি, চন্দ্রশালা।

বিশ্রম্ভী—[বিস্রম্ভী] বিশ্বাসী, প্রণয়ী, পরিচিত, প্রিয়।
সংরম্ভী—সংরম্ভ বিশিষ্ট।
বৈদর্ভী—কাব্যের রীতিবিং, অগস্ত্যপত্নী, দময়ন্তী, রুক্মিণী

আভি—অন্ত। (২) দ্ব্যক্ষর।

গাভী—স্ত্রী গো, ধেনু।
নাভি—[নাভী] উদরাবর্ত্ত, নাই, প্রধান, ক্ষত্রিয়, কস্তূরী, মধ্য

আভি—অন্ত। (৩) ত্র্যক্ষর।

কুনাভি—বাত মণ্ডলী, ঘূর্ণমান বায়ু, কুৎসিত নাভি।
সনাভি—সপিণ্ড, সপ্তপুরুষান্তর্গতজ্ঞাতি, তুল্য, স্নেহযুক্ত।

আভি—অন্ত। (৪) চতুরক্ষর।

মৃগনাভি—মৃগমদ, কস্তূরী।
বৃদ্ধনাভি—উন্নত নাভি, গোঁড় নাভিযুক্ত ব্যক্তি।
ঘননাভি—ধূম, ধূঁয়া।
বিসনাভি—পদ্মিনী, পদ্ম সমূহ।

আভি—অন্ত। (৬) ষড়ক্ষর।

অরবিন্দনাভি—বিষ্ণু, নারায়ণ।

ইভি—অন্ত। (২) দ্ব্যক্ষর।

প্রিভি—(ইং) রাজমন্ত্রির সভা, পায়খানা।
লিভিং—(ইং) জীবন্ত, উপজীবিকা, বৃত্তি।
স্তিভি—সমুদ্র, বাধা, প্রতিবন্ধ।

ইভি—অন্ত। (৩) ত্র্যক্ষর।

অভিভী—বিদ্যুৎ, তড়িৎ, ক্ষণপ্রভা।

উম্ভি—অন্ত। (২) দ্ব্যক্ষর।

কুম্ভি—কুম্ভীর, হস্তী।

কুম্ভী—বেশ্যা, ক্ষুদ্র কলসী, ঘটী।

উম্ভি—অন্ত। (৩) ত্র্যক্ষর।

দুন্দুভি—বৃহৎ ঢক্কা, নাগরা, রাক্ষস ও দৈত্য বিশেষ, বরুণ, বিষ, পাশক, ভেরী, অক্ষ, দ্যূত।

উম্ভি—অন্ত। (৪) চতুরক্ষর।

অশকুম্ভী—জলের পানা।

উম্ভি—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

দেবদুন্দুভি—[সুরদুন্দুভী] দেবতাদিগেরবাদ্য, বনতুলসী

ওভি—অন্ত। (২) দ্ব্যক্ষর।

লোভী—লোলুপ, লুব্ধ, লোভ বিশিষ্ট, গৃধ্নু।

ভু। (১) একাক্ষর।

ভূ—যজ্ঞাগ্নি,পৃথিবী,আধার,রসাতল। [ধা] ভাব, উদ্ভব

ভ্রূ—চক্ষুর ঊর্দ্ধ্ব ও ললাটের নিম্নস্থিত রোমরাজী।

অভু—অন্ত। (২) দ্ব্যক্ষর।

কভু —(দেং) কোন কালে, কখন।

প্রভু —রাজা, স্বামী, বিষ্ণু, সমর্থ, শ্রেষ্ঠ, পারদ,শব্দ।

স্বভূ —আত্মভূ,শিব,মহাদেব,ব্রহ্মা,বিষ্ণু,কমলযোনী।

বভ্রু —অগ্নি, শিব, বিষ্ণু, নকুল, মুনি-দেশ বিং, পীঙ্গল বর্ণ,বিশাল,যদুবংশীয় ব্যক্তি বিং, সিতাবর শাক

শম্ভু —শিব, মহাদেব, ব্রহ্মা, শ্বেত আকন্দ গাছ।

অভু—অন্ত। (৩) ত্র্যক্ষর।

শুক্রভু —মজ্জা।

নগভু —ক্ষুদ্র প্রস্তর বিং, পর্ব্বত জাত।

রোগভু—দেহ, তনু, শরীর।

বজ্রভু —কেলী কদম্ব, বজ্রভূমি, বজ্রজাত।

পাঠভু —বেদাদি পাঠস্থান=ব্রহ্মারণ্য।

খাতভু —গড়খাই, পরিখা, গভীরতা।

আত্মভু—ব্রহ্মা-বিষ্ণু-শিব, কন্দর্প।

পদ্মভু —ব্রহ্মা, প্রজাপতি, বিধাতা।

দেবভু —দেবতা, স্বর্গ।

নরভু —মানবগণের উৎপত্তি স্থান, ভারত বর্ষ।

শরভু —শরজন্মা=কার্ত্তিকেয়, স্কন্দ।

কুলভু —তীরভূমি, তট প্রদেশ।

জলভু—বারিধর, নীরদ, মেঘ, কাদম্ব, জলজগাছবিং।

মল্লভু—মল্লদিগের ক্রীড়ার স্থান, ব্যায়াম শালা।

বিশ্বভু—তৃতীয় বুদ্ধ।

বেশ্মভু-বাস্তুভূমি, বাসোপযুক্ত স্থান।

স্নেহভু—শ্লেষ্মা, কফ।

স্বয়ম্ভু—[স্বয়ম্ভু] ব্রহ্মা-বিষ্ণু-শিব, সৃষ্টিকর্ম্মে রজোগুণময় ব্রহ্মা-পালনকর্ম্মে সত্ত্বগুণময় বিষ্ণু-সংহারকর্ম্মে তমোগুণময় মহেশ্বর=৩ মূর্ত্তি, কাম দেব, জিন চক্রবর্ত্তী বিং, সময়।

পুনর্ভূ—দ্বির্ব্বিবাহিতা স্ত্রী=দিধিষু, পুনর্ব্বার জাত।

অভু—অন্ত। (৪) চতুরক্ষর।

সুমিত্রভু —সগর, জিনদিগের রাজা বিং।

পর্য্যন্তভূ —পরিসর, নদী-নগর-নগাদির নিকটস্থভুমি।

মহাপ্রভু —ঈশ্বর, শিব, ইন্দ্র, রাজা, মুনি, বৈষ্ণবধর্ম্মপ্রবর্ত্তক

রন্ধ্রবভ্রু —ইন্দুর, উন্দুরু, মূষিক।

বসুদেবভূ—বাসুদেব, শ্রীকৃষ্ণ।

আভু—অন্ত। (৩) ত্র্যক্ষর।

মঘাভূ —দৈত্য গুরু, শুক্রাচার্য্য, শুক্র গ্রহ।

নড়াভু —কুট্টিম, কুটীর।

তৃষাভু —ক্লোম, মূত্রাশয়।

বর্ষাভু —মণ্ডূক, ভেক, ইন্দ্রগোপ কীট।

আভু—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

সিতবর্ষাভূ—শ্বেত পুনর্ণবা শাক।

নীলবর্ষাভূ —নীল পুনর্ণবা শাক।

ইভু—অন্ত। (২) দ্ব্যক্ষর।

বিভু —প্রভু, ব্রহ্মা-বিষ্ণু-শিব, পরমেশ্বর, সর্ব্বত্রব্যাপি

ঋভু —দেবতা, অমর, আদিতেয়।

দৃন্ভূ —বজ্র, সূর্য্য, সর্প, চক্র, নৃপ, যম, অন্তক।

ইভু—অন্ত। (৩) ত্র্যক্ষর।

বৃষ্টিভু —ভেক, বেঙ, মণ্ডূক।

প্রতিভু—জামিন, লগ্নক, তৎস্থানীয়।

অদ্রিভু—পার্ব্বতীয়, পর্ব্বত জাত, আদ্যপর্ণীলতা।
অধিভু—স্বামী, প্রভু, রাজা।
অগ্নিভূ—কার্ত্তিক, মেঘ, জল, অগ্ন্যুৎপন্ন।
নাভিভূ—ব্রহ্মা, প্রজাপতি।
গিরিভূ—পার্ব্বতী, ক্ষুদ্র প্রস্তর বিং. শৈলজ।

ইভু—অন্ত। (৪) চতুরক্ষর।

ভরণীভু—রাহুগ্রহ।

ইভু—অন্ত। (৬) ষড়ক্ষর।

দর্শনপ্রতিভূ—হাজির জামিনদার।

উভু—অন্ত। (২) দ্ব্যক্ষর।

সুভূ—সুজাত, সুজন্মা, উৎকৃষ্ট ভূমি।
সুভ্রূ—সুন্দর ভ্রূ বিশিষ্টা নারী।

উভু—অন্ত। (৩) ত্র্যক্ষর।

মনুভূ—মনুষ্য, মানব।
মরুভূ—নির্জ্জলস্থান, অনুর্ব্বর ক্ষেত্র, মাড়োয়ার দেশ।

ওভু—অন্ত। (৩) ত্র্যক্ষর।

চেতোভূ—মদন, কামদেব, কাম।

ভে, ভো—অন্ত।

হ্বে —[ধা] আহ্বান-হুতি, সংহূতি, আহূতি, আহ্বাত
ভো —[ভোঃ, ভোভো] সম্বোধনসূচক শব্দ, প্রশ্নার্থ।
ভোঁভেঁা—(দেং) ভ্রমর ঝঙ্কার, দ্রুত বেগ।

ম। (১) একাক্ষর।

ম—অস্য নাম যথা—মহাদেব, শশিপ্রভা, মহাবীর, বিদ্যুৎ, কালী, ক্লেশিত, কাল, জনেশ্বর, রুদ্র, সর্ব্বাঙ্গ, বহ্নি মণ্ডল, বিন্দু, মাতঙ্গ মালিনী, শ্রবণাভরণ, মহাকাল, মহান্তক, বৈকুণ্ঠ, বসুধা, চন্দ্র, সূর্য্য, মেধা, পুরুষ রাজক, বিষ, উগ্র বন্ধন, কালভদ্র, জয়া, দীপ্তি সংজ্ঞক, জঠর, মাস, লক্ষ্মী, জননী। অস্য অর্থ— মধুসূদন, বিষ, সময়, যম, ব্রহ্মা, শিব, মায়া, ভাগ্য, চতুর্থ রাগ, সলিল, বিষ্ণু, মনুষ্য, চন্দ্র।

অম—অন্ত। [২] দ্ব্যক্ষর।

কম্ —পাদপূরণ, মস্তক, মঙ্গল, নিন্দা, বারি, সুখ। [ধা] ইচ্ছা-কাম, কামান্ধ, কামনা, কমলা, কমলাসন, কাম্য, কামিনী। (যাং) জাতি (ইং) আগমন

ক্রম্ —[ধা] পাদবিক্ষেপ-ক্রম, আক্রম, অতিক্রম, ক্রমশঃ

ক্ষম্ —[ধা] ক্ষমা, সহন-ক্ষমা, ক্ষান্তি, ক্ষান্ত, ক্ষম।

গম্ —[ধা] গতি, গমন-গমন, আগমন, গতি, সঙ্গতি।

চম্ —[ধা] ভক্ষণ করা-আচমন, আচাম, আচান্ত, চমূ

শ্রম্ —[ধা] আয়াস, ক্লান্ত-শ্রম, পরিশ্রম, আশ্রম।

জম্ —জায়া, পত্নী। (ধা) ভক্ষণ কৃ-জম্বূ, জম্বীর, জঠর

যম্ —[ধা] বিরত হওয়া-যমন, যম, উদ্যম, প্রাণায়াম

তম্ —[ধা] খেদ, ম্লান হ-তান্ত, নিতান্ত, তাম্র, তমঃ।

দম্ —রাজা বিং, শ্বাস বায়ু, প্রতারণা, প্ররোচনা।

ধা] বশীভূত কৃ-দম, দমন, দান্তি, দময়ন্তী।

ধম্ —[ধা] অগ্নি সংযোগ, শব্দ-ধম্, ধমক, ধমন, ধমনী

নম্ —[নম](ধা) নমস্কার, নতি-নমন, প্রণতি, নম্র, নত

ফম্ —(যাং) ইয়াদ, স্মরণ করা।

বম্ —শিব পূজার পর গালবাদ্য বিং, বরুণ বীজ।
(ধা) উদ্‌গীরণ-বমন, উদ্বমন, বমি, বান্তি।

ভ্রম্ —(ধা) ভ্রমণ কৃ-ভ্রমণ, ভ্রমি, ভ্রম, বিভ্রম, ভ্রান্তি।

রম্ —(ধা) ক্রীড়া, অনুরক্ত-রমণ, বিরাম, রতি, রত।

ক্লম্ —(ধা) শান্তি-ক্লম, ক্লান্তি, ক্লান্তিকর, ক্লান্ত।

শম্ —কল্যাণ, সুখ, মঙ্গল। (ধা) দমন-শম, শান্তি।

সম্ —সংযোগ, সহিত, একসঙ্গে, সম্যক্, সঙ্গ, মিলন,
সমূহ, সৌন্দর্য্য, সঙ্গত, শোভন, সমান, প্রকর্ষ
আশ্লেষ, আভিমুখ্য, প্রকৃষ্ট, নৈরন্তর্য্য, ঔচিত্য,
সমুচ্চয়। (ধা) বিহ্বল হ-সম, সমন, সমীক।

স্যম্ —(ধা) ধ্বনি করণ-স্যমন।

হম্ —ক্রোধোক্তি, বিনয়োক্তি, সম্ভ্রমোক্তি।

ষ্টর্ম্ —(ইং) ঝড়, তুফান।

অম —রোগ, আময়, অপক্ক, শীঘ্র, অল্প (ধা) রোগ মুক্ত হ

কম —(দেং) অল্প, ন্যূন।

ক্রম —অনুক্রম, পর্য্যায়, প্রণালী, পদ্ধতি, অবিচ্ছেদ,
আক্রমণ, বিক্রম, বল, চরণ, নিয়ম, সঙ্কল্প, বিধি

ক্ষম —উপযুক্ততা, যোগ্য, পারগ, সহিষ্ণু, হিত, দক্ষ, শক্ত।

গম —গমন, পথ, গোধূম, অনালোচিত, অধ্বা (যাং) দুঃখ

শ্রম —পরিশ্রম, খেদ, তপঃ, শাস্ত্রাভ্যাস, শ্রান্তি।

যম —দক্ষিণদিক্‌পাল, সহিষ্ণুতা, কৃতান্ত, মৃত্যু, কাক, দমন, নিবৃত্তি, সমাপ্তি, উৎসব বিং, যোগ, শনি, যমজ, ধর্ম্মরাজ, সংযম, শমন।

ডম —ডোম জাতি। (ইং) বোবা।

তম —রাহু, তমোগুণ, অন্ধকার, আঁধার, তমালবৃক্ষ।

দম —দমন, বশীভূত ক্র, ক্লেশ সহন, ইন্দ্রিয়-সংযম, মন, স্থৈর্য্য, শাস্তি, শান্তি, কাদা (দেং) গর্ব্ব, ফুস্‌লান

ধম —বিদগ্ধ ব্যক্তি, প্রহসন পটু, শব্দকর্ত্তা, অগ্নি সংযোগ কর্ত্তা, ধমন কারী, ভস্ত্রাচালক।

সম —(দেং) রস, আর্দ্র, ভিজা।

বম —বমন, নিঃসারণ। (দেং) আতসবাজী-সুরবিং।

ভ্রম —ভ্রমণ, কুন্দযন্ত্র, জল নির্গম পথ, সংশয়, ভুল, কুম্ভকারের চক্র, ভ্রান্তি, নর্দ্দমা, জলভ্রম, ঘূর্ণ জল।

মম —মদীয়, আমার, মায়া, মমতা।

রম —স্বামী, কামদেব, আনন্দ জনক। [ইং] সরাপ।

ক্লম —আয়াস, শ্রম, গ্লানি, খেদ।

শম —শান্তি, অন্তঃকরণের স্থিরতা, তিরস্কার, হস্ত, ক্ষমা, ভর্ৎসনা, মনঃ, সংযম, মোক্ষ, উপশম, নিন্দা, নিবৃত্তি

সম —তুল্য, সদৃশ, একবিধ, সাধু, চোস্ত, কালিকরা, অবন্ধূর, সকল, গীতাদি বিষয়ে লয়, যুগ্ম।

ক্ষম্য —ক্ষমার যোগ্য, পেক্ষণীয়।

গম্য —গমন যোগ্য, উহ্য,অনুমেয়, প্রাপ্য,জ্ঞেয়,ভোগ্য

দম্য —দমনীয়, এঁড়ে বাছুর, ছোট বাছুর।

নম্য —নমনীয়, যাহাকে নোয়াইতে পারাযায়।

রম্য —সুন্দর, রমণীয়, চম্পক, চাঁপা ফুল, বকবৃক্ষ।

অম্র —আম্র বৃক্ষ, আম্র ফল।

কম্র —ইচ্ছুক, কামী, সুন্দর, হৃদয় গ্রাহী।

নম্র —নত,প্রণত,বক্রীকৃত, বিনীত, শিষ্ট।

রম্র —অরুণ বর্ণ, লাল রং, শোভা, চাকচিক্য।

তমঃ —তমোগুণ,মোহ,পাপ,অজ্ঞান,শোক,নরক,রাহু।

নমঃ —নমস্কার, ত্যাগ, অব্যক্ত রোদন, উপহার।

জন্ম —উৎপত্তি, সংসার, লোক, আদ্যক্ষণ সম্বন্ধ।

কর্ম্ম —কার্য্য, ক্রিয়া, অদৃষ্ট, পাপ, পুণ্য, কারক বিং, লগ্নের দশম লগ্ন, ব্যাপার, আবশ্যক।

খর্ম্ম —রেসমী কাপড়, পুরুষত্ব।

ঘর্ম্ম —ঘাম, স্বেদ, গ্রীষ্ম, রৌদ্র, উষ্ণ।

চর্ম্ম —ছাল, চামড়া, ত্বক্, ঢাল।

তর্ম্ম —যূপাগ্র দেশ, যূপের অগ্রভাগ।

ধর্ম্ম —শুভাদৃষ্ট, সুকৃত, পুণ্য, শ্রেয়ঃ, যম, আত্মা, জীব, সৎসঙ্গ, জাতি ব্যবহার, স্বভাব, ভাব, অবস্থা, গুণ, তপস, ক্রতু, যজ্ঞ, উপমা, লগ্ন হইতে ৯ম স্থান, অহিংসা, বেদাংশ বিং, ধর্ম্মপ্রবন্ধ, বৃষ,

উপাসনা পদ্ধতি, সোমপায়ী. দেবতা বিং, রীতি

নর্ম্ম —ক্রীড়া, বিহার, প্রিয়, কৌতুক, পরিহাস।

বর্ম্ম —তনুত্রাণ, কবচ, সাঁজোয়া, ক্ষত্রিয়ের উপাধি।

ভর্ম্ম —ভৃতি, বেতন, ধুতুরা, পোষণ, স্বর্ণ, মুদ্রাবিং, নাভি।

মর্ম্ম —স্বরূপ, তত্ত্ব, তাৎপর্য্য, শরীরের সন্ধিস্থান, অন্তঃকরণ, সারভাগ, প্রয়োগ, হেতু, প্রয়োজন, গুপ্ত

হর্ম্ম —জৃম্ভণ, হাই, (ধা) গমন, প্রাপ্তি-হর্ম্মিত, হর্ম্মণ।

ধর্ম্ম্য —ধর্ম্মযুক্ত, ন্যায্য, যথার্থ, কর্ত্তব্য, সমদর্শী।

হর্ম্ম্য —ধনীদিগের বাস ভবন, ইষ্টকাদি রচিত গৃহ।

অম—অন্ত। (৩) ত্র্যক্ষর।

স্বয়ম্ —(স্বয়ং) আপনি, নিজে, সামর্থ্য।

সায়ম্ —(সায়ং) সন্ধ্যাকাল, দিনান্ত।

সাকম্ —(সাকং) সহিত, সঙ্গ, সঙ্গে।

কিংডম্—(ইং) রাজত্ব।

ফ্রিডম্ —(ইং) স্বাধীনতা।

কৃতম্ —(কৃতং) নিষেধ, পর্য্যাপ্ত, প্রয়োজনাভাব।

ঋতম —(ঋতং) সত্য।

সত্যম্ —(সত্যং) প্রশ্ন, স্বীকার।

নক্তম্ —(নক্তং) রাত্রিতে।

শান্তম্ —(শান্তং) নিবৃত্ত, শমতা প্রাপ্ত, বারণ।

অস্তম্ —(অস্তং) অদর্শন, তিরোধান।

ত্রৈধম্ —(ত্রৈধং) তিনপ্রকার, তিনবার।

দ্বৈধম্ —(দ্বৈধং) দ্বিধা, প্রবল শত্রুর প্রতি মৌখিক আত্ম সমর্পণ। [দেং] সন্দেহ।

প্রাধ্বম্ —(প্রাধ্বং) নম্রতা, বন্ধন, অনুকূল্যার্থে।

ঊর্দ্ধ্বম্ —(ঊর্দ্ধ্বং) উপরি।

সার্দ্ধম্ —(সার্দ্ধং) সহ, সহিত, একত্রে, সঙ্গে।

নূনম্ —(নূনং) বিতর্ক, নিশ্চয়, সত্য, স্মরণ, উৎপ্রেক্ষা

কামম্ —(কামং) সম্মতি, যথেষ্ট, পর্য্যাপ্ত, অতিশয় ইচ্ছা পূর্ব্বক, ভৃশ, অননুমতি, ঈর্ষা।

সমম্ —(সমং) সহিত, সহ, একদা।

আরম্ —(ইং) বাহু।

পরম্ —(পরং) অনন্তর, পশ্চাৎ, নিশ্চয়, নিয়োগ, ক্ষেপ, কিন্তু

বরম্ —(বরং) অপেক্ষাকৃত উৎকৃষ্ট, শ্রেষ্ঠ।

অলম্ —(অলং) প্রচুর, পর্য্যাপ্ত, সমর্থ, ব্যর্থ, অত্যর্থ, ভূষণ।

জোষম্ —(জোষং) তূষ্ণী ভাব, নীরব, চুপ, স্বচ্ছন্দে, প্রশংসা, লজ্জন, সম্পূর্ণরূপে।

অহম্ —(অহং) অহঙ্কার, অভিমান, আমি।

নিয়ম —শৌচ, সন্তোষ, তপস্যা, অঙ্গীকার, বিধি, ব্রত, রীতি, দমন, সংযম, নিরোধ, লক্ষণ, বন্ধন, তপস্যা, ব্যবস্থা, অবধারণ, ইন্দ্রিয়দমন, সূত্র, মন্ত্রণা, অনুক্রম, কর্ত্তব্য কর্ম্ম, প্রকার, নির্ণয়।

বকম —রক্তবর্ণ কাষ্ঠ বিং, যাহাতে লাল রং করা যায়

রকম —(যাং) প্রকার, মত, সাদৃশ্য, অংশের পরিমাণ।

আক্রম—অতিক্রম, ছাড়িয়া উঠা, আরোহণ, উদয়, অভিভব, অধিষ্ঠান, উপরে আসিয়া চড়া।

প্রক্রম—প্রথমারম্ভ, উপক্রম, অনুষ্ঠান, গমন, অবসর।

বক্রম—পলায়ন, প্রস্থান।

বিক্রম—পরাক্রম, বীরত্ব, সামর্থ্য, শক্তি, চরণ, আক্রমণ, বিক্রমাদিত্য রাজা, বিষ্ণু, বৎসর বিং, পক্ষীর গতি বিং, চলন, ত্রিবিক্রম, শৌর্য্যাতিশয়।

সংক্রম - [সঙ্ক্রম] সেতু, সাঁকো, গমন, সংক্রমণ, তীর্থ, সোপান, সংক্রান্তি, প্রাপ্তি, প্রবেশ।

উৎক্রম—ব্যতিক্রম, বিলোম, উচ্চলন, নিঃসরণ, বৈপরীত্য

ব্যুৎক্রম—প্রতিলোম, অনিয়ম, ব্যতিক্রম, উল্টা।

দুক্রম—দুর্গম্য, দুরারোহ, যে অতি কষ্টে গমন করে, মন্দগতি, কুঘটিত, ক্রম শূন্য।

নিক্রম—বহির্গমন, ধীশক্তি, দুষ্কুল, নীচতা, সংস্কার বিং।

জখম—[যাং] ঘা, ক্ষত, নিস্তেজ, আঘাত।

মাখম—[মাখন, যাং] ননী, নবনীত।

অক্ষম—ক্ষমতা রহিত=অসমর্থ।

অগম—পর্ব্বত, বৃক্ষ, অপমান, দুর্গম।

আগম—বেদাদি-তন্ত্রশাস্ত্র, শাস্ত্রাভ্যাস, আগমন, লাভ, লেখ্যাদি প্রমাণ, আয়, উপদেশ, শাস্ত্রবিং, যথা—
'আ' গতং পঞ্চ পক্ত্রাত্তু, 'গ' তঞ্চ গিরিজাননে।
'ম' তঞ্চ বাসুদেবস্য, তস্মাদাগম মুচ্যতে॥

খগম —পক্ষী, বিহঙ্গ।

নিগম —নগর, গ্রাম, হাট, বেদাদিশাস্ত্র. পথ, বাণিজ্য, নিশ্চয়, প্রতিজ্ঞা, বাণিজ্যার্থীগণের শিবির।

নৈগম —বেদান্ত শাস্ত্র. উপনিষদ, নীতি শাস্ত্র, নগর বাসী লোক, বণিক্, বাণিজ্যকারী, পথ, নায়ক

বিগম —নাশ, অপগম, নিবৃত্তি, প্রস্থিতি, নিষ্পত্তি, ক্ষান্তি

বেগম —(যাং) রাজ্ঞী, রাণী, রাজমহিষী।

সুগম —সুগম্য, অনায়াস লভ্য, সুজ্ঞেয়, সুবোধ।

জঙ্গম —গমনশীল=যা'রা একস্থানে থাকে না, অস্থাবর

সঙ্গম —সংযোগ, মিলন, সম্ভোগ, সহবাস।

উদ্গম —উত্থান, উৎপত্তি।

দুর্গম —যেখানে অতিকষ্টে গমন করা যায়=কষ্টগম্য।

নির্গম —অপগম, নিষ্ক্রমণ, অপসরণ, বহির্গমন।

পঞ্চম —সুন্দর, রুচির, পাঁচের পুরক, নিপুণ, রাগ বিং, কোকিলের রব, মৈথুন, অতি উচ্চৈঃস্বর।

কছম —(যাং) প্রকার, রকম, সদৃশ।

আশ্রম —ব্রহ্মচর্য্য-গার্হস্থ্য-বাণপ্রস্থ্য-ভৈক্ষ্য = ৪ অবস্থা, আরণ্য মুনিদিগের আশ্রম, মঠ, পরমেশ্বর।

বিযম —[সংযম] বন্ধন, ধ্যান, সমাধি, যোগ, ইন্দ্রিয় নিগ্রহ, নিয়ম, নিবৃত্তি, যাতনা, ব্রত।

হজম —(যাং) পরিপাক, খাইয়া ফেলা।

অষ্টম —আটের পূরক, খাজনা বাকির প্রসিদ্ধ আইন

কাষ্টম —(ইং) আচার, নীতি,মাশুল আদায়ের স্থান।
বৈষ্টম —(বৈষ্ণব) (দেং) বিষ্ণুভক্ত, বৈরাগী।
কতম —অনেকের মধ্যে কোন এক ব্যক্তি বা দ্রব্য।
খতম —(যাং) শেষ, ইতি, নিষ্পত্তি।
গোতম —[গৌতম] ন্যায়শাস্ত্রপ্রণেতা মুনি, বৌদ্ধ মত প্রবর্ত্তক, শতানন্দ ঋষি, ঋষি বিং, বুদ্ধ।
তৎতম --অনেকের মধ্যে সেই।
পতম —পক্ষী, চন্দ্র, পতঙ্গ।
উত্তম --ভদ্র,উৎকৃষ্ট,চরম,উপাদেয়,মুখ্য,বৈশিক নামক নায়ক ভেদ, সুরুচিগর্ভজাত উত্তানপাদপুত্র।
গৌত্তম --স্থাবর বিষ বিং।
জিত্তম =-মিথুন রাশি, সর্ব্বপ্রধান জয়শীল।
ভূত্তম —সুবর্ণ, স্বর্ণ, সোণা।
সত্তম --অতি উত্তম-সৎ-শোভন-সাধু, পূজ্যতম।
সপ্তম --সাতের পূরক।
প্রথম --আদ্য,আদিম,প্রাক্তন,মুখ্য,প্রধান,অগ্রিম,শ্রেষ্ঠ
কদম —(দেং) বৃক্ষ বিং। (যাং) পা, পদ।
সুদম --অনায়াসে দমনীয়।
উদ্যম --অধ্যবসায়, উদ্যোগ, উৎসাহ, উত্থান, যত্ন।
কুন্দম --বিড়াল, মার্জ্জার।
কর্দ্দম --পঙ্ক, কাদা, পাপ, মাংস, ছায়া, প্রজাপতি।
অধম --অপকৃষ্ট, ন্যূন, নীচ, নিকৃষ্ট, নিন্দিত।

রিধম —কন্দর্প, বসন্ত ঋতু, কাম।

মধ্যম —শরীরের মধ্যভাগ = কটিদেশ, নিষাদ-ঋষভ-গান্ধারাদি সপ্তস্বরান্তর্গত চতুর্থ স্বর, মধ্যভব, মধ্যস্থিত, মৃগ-উপপতি বিং, মাঝারি, মেঝ।

অনম —যে নত হয় না, ভূদেব, বিপ্র, ব্রাহ্মণ।

জনম —(দেং) জন্ম, উৎপত্তি।

অপম —জ্যোতিষপ্রসিদ্ধ ক্রান্তি,সূর্য্য গমনার্থ রেখা।

অবম —অধম, নিকৃষ্ট, ন্যূন, তিথিত্রয় যুক্ত দিন।

নবম —নয় সংখ্যার পূরক।

বিভ্রম —স্ত্রীদিগের শৃঙ্গারভাবজাত ক্রিয়া বিং,অকারণ আসন হইতে উঠিয়া অন্যত্র গমন, শোভা, ভ্রম, ভ্রান্তি, ভ্রমণ, উচ্চহাস্য, ক্রোধ প্রকাশ, লীলা, বিলাস, সংশয়, স্ত্রী দিগের হাব বিং, যথা—(রসমঞ্জরী) 'বিভ্রম হইলে ব্যক্ত কেশ বিপর্য্যয়'

দিক্‌ভ্রম—(দিগ্‌ভ্রম) দিকের অন্যথা জ্ঞান।

উদ্ভ্রম —উদ্বেগ,বুদ্ধিলোপ,দুঃখ করা, উর্দ্ধ্ব ভ্রমণ, ঘূর্ণন

সম্ভ্রম —সম্মান,আবেগ, ভয়,ত্বরা,ভ্রান্তি,ঘুর্ণন,গৌরব।

অমম —ভাবী জৈন বিং, পার্থিব মায়া হইতে নিবৃত্ত।

নির্ম্মম —মায়া বিরহিত, বাসনা রহিত।

অরম —নীচ, অধম, নিকৃষ্ট।

গরম —(দেং) উষ্ণ, তপ্ত, ক্রোধান্বিত।

চরম —অন্ত, শেষ, পশ্চিম, অন্তিমকাল।

চিরম —বহুকাল, পুনঃ পুনঃ, অনবরত।

নরম —কোমল, অকঠিন, শীতল, আর্দ্র।

পরম —উৎকৃষ্ট, প্রধান, শ্রেষ্ঠ, শেষ, প্রথম, অনুজ্ঞা।

ভরম —(দেং) আবরু, লজ্জা, ব্রীড়া।

শরম —(যাং) লজ্জা, ব্রীড়া।

খড়ম —(দেং) কাষ্ঠ পাদুকা।

কলম —ধান্যবিং, লেখনী, চোর, ধূর্ত্ত। (দেং) বৃক্ষ হইতে জাত চারা উৎপাদন, রাজমিস্ত্রীর গাথনি বিং

মলম —(যাং) ক্ষতাদিরোগে ব্যবহার্য্য লেপনী ঔষধ

বল্লম —[যাং] ফালযুক্ত ক্ষেপণীয় অস্ত্র বিং।]

অসম —অতুল্য, অনুপম।

কসম —(যাং) শপথ, দিব্বি করণ।

খসম —বৃদ্ধ। (যাং) স্বামী, পতি।

জসম —(দেং) বাহু ভূষণ বিং।

দশম —দশের পূরক।

দ্বিসম —সমান দুই ভাগ বিশিষ্ট।

দুঃষম —নিন্দনীয়, অসমঞ্জস, অযোগ্য, অন্যায্য।

নিঃষম —শোক, নিন্দা, কুৎসা।

পশম —[রেসম] (যাং) ঊর্ণা।

প্রশম —শান্তি, উপশম, বৈরাগ্য, নির্ব্বাণ।

বিষম —অপমান, অযুগ্ম, বিযোড়, দুঃসহ, সঙ্কট, কষ্টদ দুর্গম, উন্নতানত, পদ্ম বিং। (দেং) ভয়ানক,

গলাধঃ করণের ত্রুটীতে কষ্টসাধ্য কাশ।

সুষম —সুন্দর,শোভন,সমান,তুল্য,সদৃশ।

নিয়ম্য —শিক্ষণীয়, শাসনীয়, নিয়ম যোগ্য।

অগম্য —গমনাযোগ্য, দুর্গম।

দুর্দ্দম্য —যাকে কষ্টে দমন করা যায়=দুরন্ত, বৎসতর।

ঔপম্য —সাদৃশ্য, তুল্যতা।

অরম্য —কুৎসিৎ, কুশ্রী।

বৈষম্য —বিরুদ্ধ ভাব, সঙ্কট, বিসদৃশতা।

ঐষমঃ —এই বৎসরে।

আজন্ম —জন্মাবধি, যাবজ্জীবন।

অকর্ম্ম —মন্দকর্ম্ম, নিষ্ফল কর্ম্ম,নিরর্থককর্ম্ম,কর্ম্মরাহিত্য

কুকর্ম্ম —(দুষ্কর্ম্ম) পাপ, ব্যভিচার, অসৎকর্ম্ম।

ষট্‌কর্ম্ম —যজন-যাজন-অধ্যয়ন-অধ্যাপন-দান-প্রতিগ্রহ=
৬ কর্ম্ম, তন্ত্রে, শান্তি-বশীকরণ-মারণ-স্তম্ভন-
বিদ্বেষ-উচ্চাটন=৬ কর্ম্ম,ঐ ৬ কর্ম্মকারী ব্রাহ্মণ

অধর্ম্ম —অন্যায়, পাপ, দুষ্কৃত, পুণ্য বিরহিত।

স্ত্রীধর্ম্ম —ঋতু, রজঃ, স্ত্রীলোকের কর্ত্তব্য কর্ম্ম।

বৈধর্ম্ম —নাস্তিকতা, বিভিন্ন ধর্ম্ম বেত্তা।

স্বধর্ম্ম —বেদাদি বিহিত ধর্ম্ম, স্বজাত্যোক্তাচার।

অশর্ম্ম —দুঃখ, ক্লেশ, দুঃখিত, পীড়া যুক্ত।

দৌশ্চর্ম্ম্য —লিঙ্গোপরিস্থিত চর্ম্ম কর্ত্তন।

সাধর্ম্ম্য —সাদৃশ্য, সমান, ধর্ম্মবত্তা।

অম—অন্ত। (৪) চতুরক্ষর।

সাম্প্রতম্ —(সাম্প্রতং) ইদানিং, এক্ষণে, উচিত, যুক্ত।
কিমর্থম্ —(কিমর্থং) কেন, কি জন্য, কি কারণে।
অভীক্ষ্ণম্ —(অভীক্ষ্ণং) পুনঃ পুনঃ, সর্ব্বদা।
প্রাকমম্ —[প্রাকমং] যথেপ্সিত, স্বেচ্ছাপূর্ব্বক, যথেষ্ট।
পোমেটম্ —(ইং) গন্ধ দ্রব্য বিং।
কার্ডেমম্ —(ইং) এলাইচ, এলাচী।
পরমম্ —[পরমং] অনুমতি, সম্মতি।
সুচিরম্ —[সুচিরং] বহুকাল, অধিক কাল।
অবশ্যম্ —[অবশ্যং] নিশ্চিত, সর্ব্বথা, অনিবার্য্য।
অনিয়ম —অনিশ্চিত, অধর্ম্ম, আইন বিরুদ্ধ কার্য্য।
বিনিয়ম —নিবারণ, নিয়ম, নিরোধ, নিষেধ।
অঙ্কক্রম —অঙ্কানুক্রম, অঙ্ক পর্য্যায়, ক্রমে ২।
সজ্জক্রম —সজ্জিত, প্রস্তুত।
অতিক্রম —উল্লঙ্ঘন, অধিক হওয়া, বিপরীতাচরণ।
ব্যতিক্রম —ক্রমবিপর্য্যয়, বৈপরীত্য, বিপরীত করণ।
যথাক্রম —(অনুক্রম) ক্রমানুরূপ, ক্রমে ২, আনুপূর্ব্বিক
মধুক্রম —মৌচাক, মধুকোষ।
অপক্রম —পলায়ন, প্রস্থান, ক্রম বিপর্য্যয়।
উপক্রম —উপায়, উদ্যম, প্রক্রম, প্রথম আরম্ভ, বিক্রম, চিকিৎসা, পলায়ন, আস্থকৃতি, সূচনা ক্র।
ত্রিবিক্রম —শ্রীকৃষ্ণ, বামনাবতার, বামনরূপী বিষ্ণু।

অভিক্রম —যুদ্ধযাত্রা, আক্রমণ, আরম্ভ, আরোহণ।
পরাক্রম —শৌর্য্য, শক্তি, পুরুষকার, বীরত্ব, বিক্রম, উদ্যোগ, নিষ্ক্রান্তি, আক্রমণ, বীর্য্য।
পরিক্রম —পাদবিহার,পাদদ্বারাগমন,প্রদক্ষিণ,বিহার।
গুরুক্রম —পরম্পরাগত উপদেশ, ইতিহ।
প্রত্যুৎক্রম—যুদ্ধোদ্‌যোগ, প্রধান উদ্দেশের সহকারী অপ্রধান কার্য্য, প্রয়োজনানুষ্ঠান।
সমুৎক্রম —উর্দ্ধ্ব গমন, উচ্চলন।
ক্ষিতিক্ষম—খদির বৃক্ষ, খয়ের গাছ।
বহুক্ষম —জৈনদিগের উপাস্য মুনি বিং, সহিষ্ণু।
মেঘাগম —(ঘনাগম) বর্ষাকাল, মেঘাচ্ছন্ন।
অধিগম —প্রাপ্তি, লাভ, স্বীকার, জ্ঞান, উপার্জ্জন।
ধনাগম —অর্থাগম, আয়।
অনুগম —পশ্চাদ্‌গমন, সহ মরণ, সদৃশী কৃ,সঙ্গতি।
উষ্ণাগম —গ্রীষ্মকাল।
অপগম —নাশ,প্রস্থান,পলায়ন,নির্গম,বিচ্ছেদ, মরণ।
উপগম —[উপাগম] অঙ্গীকার,উপস্থিতি,জ্ঞান, ভোগ
অবগম —বোধ, জ্ঞান।
অভিগম —আশ্রয়, সেবা, মৈথুন, প্রাপ্তি।
অভ্যাগম —যুদ্ধ, প্রহার, আঘাত, শত্রুতা, সমীপ, ফল প্রাপ্তি, নিকটে আগমন, ভোগ, স্বীকার।
গমাগম —চরাচর, গতিবিধি, যাতায়াত।

সমাগম --মিলন, সম্যক্ আগমন।

হিমাগম —শীতকাল।

পরিগম —অনুসন্ধান, পরিবেষ্টন।

ভূরিগম —রাসভ, গর্দ্দভ।

পুরোগম —অগ্রগামী, প্রধান।

ভুজঙ্গম —সর্প, ফণী, ষিড়্গা, বিট, সীসা।

পতঙ্গম —পক্ষী, পাখী।

মিতঙ্গম —হস্তী, মিতগামী, পরিমিত গামী।

সুতঙ্গম —পুত্রের পিতা, পুত্রী।

জনঙ্গম —চাণ্ডাল, চণ্ডাল, শূদ্রৌরসে ব্রাহ্মণীর গর্ভজাত

প্লবঙ্গম —বানর, ভেক, প্লুতগতি যুক্ত।

উরঙ্গম —ভুজগ, সর্প, সাপ, অহি, ফণী।

তুরঙ্গম —অশ্ব, মনঃ, হয়, ঘোড়া।

জলঙ্গম —চণ্ডাল, জেলে, অন্ত্যাবসায়ী।

বিহঙ্গম —পক্ষী, পাখী, খগ।

প্রত্যুদ্‌গম—প্রত্যুত্থান. পূজ্যব্যক্তির সম্বর্দ্ধনা।

সমুদ্‌গম --উদয়, উৎপত্তি।

শ্রেষ্ঠাশ্রম--[জ্যেষ্ঠাশ্রম] প্রধান আশ্রম, গৃহস্থাশ্রম।

পণ্ডশ্রম —বৃথা যত্ন, বিফল আয়াস।

দণ্ডাশ্রম —সন্ন্যাসী ধর্ম্ম, দণ্ডির আশ্রম।

কৃতশ্রম --যে শ্রম করিয়াছে=পরিশ্রমী।

পরিশ্রম --কর্ম্ম করিতে ২ শ্রান্তি, ক্লেশ, চেষ্টা, আয়াস

বাচংযম —মৌনাবব্রতাবলম্বী মুনি, মিতভাষী।
উপযম —বিবাহ, পরিণয়।
অসংযম —ইন্দ্রিয়নিগ্রহ, কাম ক্রোধাদির অবশীকরণ
অপষ্টম --অঙ্কুশাগ্রভাগ।
মীঢ়ুষ্টম —মহাদেব, শিব, সূর্য্য, তস্কর।
প্রিয়তম —অতিশয় প্রিয়, ময়ূর শিখা বৃক্ষ।
একতম —অনেকের মধ্যে এক ব্যক্তি বা দ্রব্য।
ষষ্টিতম —যাইটের পূরক।
শততম —শত সঙ্খ্যার পূরক।
অন্যতম —অনেকের মধ্যে এক, ভিন্নতম।
তরতম —নূন্যাধিক।
গুরুতম --অত্যন্ত গুরু, ভারি।
দ্বিজোত্তম --ব্রাহ্মণ, বেদজ্ঞ ব্রাহ্মণ, গরুড়।
ক্রতূত্তম —রাজসূয় যজ্ঞ।
শীতোত্তম --বারি, জল, অম্বু, পয়ঃ, উদক।
বিদ্বত্তম —সর্ব্বশ্রেষ্ঠ বিদ্বান্, অদ্বিতীয় পণ্ডিত।
অনুত্তম —(অত্যুত্তম) সর্ব্বোৎ কৃষ্ট, শ্রেষ্ঠ, অধম।
ধান্যোত্তম—শালি ধান্য, উৎকৃষ্ট ধান।
নরোত্তম --নারায়ণ, নৃপ, রাজা।
সুরোত্তম —সবিতা, সূর্য্য, রবি।
লোহোত্তম--কাঞ্চন, সুবর্ণ, সোণা।
বিহিত্রম --বিধান দ্বারা জাত।